নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
বুধবার
রেজিঃ নং-চ-৫১৩
৩০ সেপ্টেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫৭
১৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

একনেকে ১৫ হাজার ৮২৩ কোটি ৫৭ লাখ টাকার ১৩ প্রকল্প অনুমোদন

দিগন্ত ডেস্ক

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) আজ মোট ১৫ হাজার ৮২৩ কোটি ৫৭ লাখ টাকা ব্যয় সম্বলিত ১৩টি প্রকল্প অনুমোদন দিয়েছে।

এর মধ্যে সরকারি অর্থায়ন ১০ হাজার ১৮৮ কোটি ৩৩ লাখ টাকা, প্রকল্প ঋণ পাঁচ হাজার ২৫২ কোটি ৯৬ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৮২ কোটি ২৮ লাখ টাকা।

একনেক চেয়ারপারসন প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত সভায় এসব প্রকল্প অনুমোদন দেয়া হয়।

অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে আটটি নতুন, তিনটি সংশোধিত

● ২-এর পাতায় দেখুন

ভেজাল ও নকল সার-কীটনাশকে ক্ষতির মুখে পড়ছে কৃষক

দিগন্ত ডেস্ক

ভেজাল ও নকল সার-কীটনাশকে ক্ষতির মুখে পড়ছে দেশের কৃষক। দেশের বিভিন্ন এলাকায় সারের সংকট ও বাড়তি চাহিদাকে পুঁজি করে ভেজাল ও নকল সার তৈরির কারখানা গড়ে উঠছে। পাশাপাশি অনুমোদনহীন ও ভেজাল কীটনাশক তৈরি করে নামিদামি কোম্পানির মোড়কে করা হচ্ছে বাজারজাত। কোথাও ইটের গুঁড়ো, চুন, বালি, সিমেন্ট ও বিভিন্ন রাসায়নিক মিশিয়ে তৈরি হচ্ছে সার, কোথাও আবার মেয়াদোত্তীর্ণ ও নিষিদ্ধ কীটনাশকের মোড়ক বদলে বিক্রি করা হচ্ছে। প্রশাসনের অভিযানে এমন একাধিক ঘটনা ধরা পড়ছে। কৃষিতে ভেজাল পণ্য ব্যবহারে কাঙ্ক্ষিত ফলন না পাওয়ার পাশাপাশি উৎপাদন খরচও বাড়াচ্ছে। চমকপ্রদ মোড়কে বাজারে ওই ধরনের সার বিক্রি হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, প্রশাসন দেশের বিভিন্ন এলাকায় সামপ্রতিক সময়ে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ভেজাল সার ও কীটনাশক, উৎপাদনের কাঁচামাল ও সরঞ্জাম জব্দ করেছে। ওসব ঘটনায় নেয়া হয়েছে জরিমানা, কারাদণ্ড, পণ্য ধ্বংস ও কারখানা সিলগালার মতো ব্যবস্থাও। তার মধ্যে মানিকগঞ্জে বাজার থেকে সংগৃহীত সার ও কীটনাশকের নমুনা পরীক্ষা করে ৭টি কোম্পানির সারে ভেজাল পাওয়ার তথ্য মিলেছে। অসাধু চক্র অবৈধভাবে ডলোমাইট চুন, সিরামিক মাটি, সিমেন্ট ও হাইড্রোক্লোরিক অ্যাসিডসহ বিভিন্ন উপাদান দিয়ে ভেজাল ও নকল সার তৈরি করে দেশের বিভিন্ন এলাকার কৃষক ও মৎস্য খামারিদের কাছে বিক্রি করতো।

সূত্র জানায়, ভেজাল সার ও কীটনাশকে কৃষকরা পড়ছে চরম ক্ষতির মুখে। একদিকে কৃষক দাম দিয়ে কিনছে ভেজাল ও নকল পণ্য। অন্যদিকে ওসব পণ্যে কাঙ্ক্ষিত ফলন পাচ্ছে না। ফলে কৃষককে আবারো সার বা কীটনাশক কিনতে বাধ্য হওয়ায় বেড়ে

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপন মঞ্জুর

দিগন্ত ডেস্ক

২৫০ শয্যাবিশিষ্ট চাঁদপুর জেনারেল হাসপাতালসহ দেশের ৪৪টি জেনারেল ও জেলা সদর হাসপাতালে ১০ শয্যাবিশিষ্ট কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে ৩৯৬টি পদ সৃজন করেছে সরকার।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের পার-৪ অধিশাখা থেকে এ-সংক্রান্ত সরকারি মঞ্জুরি দেওয়া হয়েছে। গত ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

সৃজিত ৩৯৬টি পদের মধ্যে ২৬৪টি সিনিয়র স্টাফ নার্স এবং ১৩২টি মেডিকেল টেকনিশিয়ান (ডায়ালাইসিস) পদ রয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী, সিনিয়র স্টাফ নার্স পদে ৪৪টি হাসপাতালে ছয়টি করে মোট ২৬৪টি পদ এবং মেডিকেল টেকনিশিয়ান (ডায়ালাইসিস) পদে তিনটি করে মোট ১৩২টি পদ থাকবে।

সিনিয়র স্টাফ নার্স পদের জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম ১৬ হাজার থেকে ৩৮ হাজার ৬৪০ টাকা (গ্রেড-১০)। এ

● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে শেখ হাসিনার জন্মদিন পালনের অভিযোগে ৩৩ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে শেখ হাসিনার জন্মদিন উদযাপন উপলক্ষে কেক কাটা, মিছিল ও রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের অভিযোগে সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান, সাবেক পৌর মেয়র এবং ৬ ইউপি চেয়ারম্যানসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ৩৩ নেতাকর্মীর বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করেছে থানা পুলিশ।

সোমবার (২৮ সেপ্টেম্বর) দিনগত গভীর রাতে ফরিদগঞ্জ থানার উপপরিদর্শক এসআই হেলাল খান বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলায় ৩৩ জনের নাম উল্লেখ করে এবং আরও অজ্ঞাতনামা বহু লোককে আসামি করা হয়েছে।

পুলিশ ও এজাহার সূত্রে জানা যায়, সরকার কর্তৃক নিষিদ্ধ ও স্থগিত ঘোষিত দল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি এবং জননিরাপত্তা বিঘ্নিত করার চক্রান্তে লিপ্ত রয়েছে-এমন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে, গত ২৮ সেপ্টেম্বর রাত ১২টা ৫ মিনিটে

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ছাদের পলেস্তারা খসে পড়ার চিত্র।

চাঁদপুর জেনারেল হাসপাতালের ছাদের পলেস্তারা খসে ৩ রোগী আহত

শহর প্রতিনিধি

চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের ছাদের পলেস্তারা খসে পড়ে তিন জন রোগী আহত হয়েছেন। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দুপুরে হাসপাতালের দ্বিতীয় তলায় অবস্থিত পুরুষ ওয়ার্ডের সার্জারি বিভাগের ছাদের একটি অংশ হঠাৎ খসে পড়লে এই দুর্ঘটনা ঘটে।

আহত রোগীরা হলেন–রফিকুল ইসলাম (৭০), আকতার হোসেন (৮০) এবং আবুল খায়ের (৪৫)। তাদের মধ্যে আবুল খায়ের গুরুতর আহত হয়েছেন। ঘটনার পরপরই হাসপাতাল কর্তৃপক্ষ আহতদের দ্রুত আলাদা স্থানে সরিয়ে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে। হাসপাতাল সূত্রে জানা যায়, ভবনটি পুরনো হওয়ার কারণে এর আগেও শিশু ওয়ার্ডসহ বিভিন্ন স্থানে ছাদের পলেস্তারা খসে পড়ার ঘটনা ঘটেছে। বর্তমান ঘটনায়

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক হলেন একরামুল ছিদ্দিক

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে দায়িত্ব নিয়েছেন একরামুল ছিদ্দিক। ৩৩তম বিসিএসের এই কর্মকর্তা এর আগে চাঁদপুর জেলা প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। প্রশাসনিক অভিজ্ঞতা ও দায়িত্বশীল ভূমিকার মধ্য দিয়ে তিনি ইতোমধ্যে জেলার একজন দক্ষ কর্মকর্তা হিসেবে পরিচিতি পেয়েছেন।

সম্প্রতি তিনি চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। এর মধ্য দিয়ে জেলা প্রশাসনের সার্বিক প্রশাসনিক কার্যক্রম, বিভিন্ন দপ্তরের সমন্বয়, উন্নয়নমূলক কর্মকাণ্ডসহ গুরুত্বপূর্ণ প্রশাসনিক দায়িত্বে যুক্ত হলেন তিনি।

একরামুল ছিদ্দিক ৩৩তম বিসিএসের কর্মকর্তা। তাঁর জন্ম ১৯৮২ সালের ২৮ অক্টোবর। কর্মজীবনের শুরুতে তিনি জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে সিনিয়র সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। পরে নবীনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হিসেবেও দায়িত্ব পালন করেন।

চাঁদপুর জেলা প্রশাসনে যোগদানের পর প্রথমে তিনি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হিসেবে দায়িত্ব নিয়ে জেলার রাজস্ব ও ভূমি-সংশ্লিষ্ট প্রশাসনিক কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

● ২-এর পাতায় দেখুন

বিপিসির কাছে ব্যাখ্যা চাইল সংসদীয় কমিটি

দাম বাড়িয়েই জ্বালানি সঙ্কটের অবসান!

দিগন্ত ডেস্ক

জ্বালানি সরবরাহ ব্যবস্থা সঙ্কটকালীন ও পরবর্তী সময়ে একই থাকার পরও শুধু জ্বালানির মূল্য বৃদ্ধির মাধ্যমে দেশে সৃষ্ট সঙ্কট কীভাবে কেটে গেল, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) কাছে তার ব্যাখ্যা চেয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটি।

একইসাথে বিভিন্ন সময়ে পেট্রোলিয়াম পণ্যের মূল্য বৃদ্ধি ও মূল্য সমন্বয়ের কারণ, জ্বালানির মূল্য সহনীয় পর্যায়ে রাখার উপায় এবং ভবিষ্যৎ চাহিদা মোকাবিলায় দেশের জ্বালানি সংরক্ষণ ও সরবরাহ সক্ষমতার বিস্তারিত তথ্য চেয়েছে কমিটি।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) জাতীয় সংসদ ভবনে ত্রয়োদশ জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটির প্রথম বৈঠকে বিপিসি ও এর আওতাধীন প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম পর্যালোচনাকালে এসব বিষয়ে আলোচনা হয়। কমিটির সভাপতি ও বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনির সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে বিভিন্ন সময়ে পেট্রোলিয়াম পণ্যের মূল্য বৃদ্ধি এবং মূল্য সমন্বয়ের কারণ

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর পৌর পাঠাগার মিলনায়তনে অনুষ্ঠিত নগর সমন্বয় কমিটির সভায় পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী।

চাঁদপুর পৌরসভার নাগরিক সেবা নিয়ে সমন্বিত পরিকল্পনার আশ্বাস পৌর প্রশাসকের

শহর প্রতিনিধি

সমন্বিত পরিকল্পনা এবং সংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে চাঁদপুর পৌরসভার নাগরিক সেবা কার্যক্রম পরিচালনার প্রত্যয় ব্যক্ত করেছেন নবাগত পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী। একই সঙ্গে নগরবাসীর জনগুরুত্বপূর্ণ সমস্যাগুলো অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের আশ্বাস দিয়েছেন তিনি।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) চাঁদপুর পৌর পাঠাগার মিলনায়তনে অনুষ্ঠিত নগর সমন্বয় কমিটির সভায় এসব কথা বলেন পৌর প্রশাসক।

সভায় পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী বলেন, চাঁদপুর পৌরসভার নাগরিক সেবার মানোন্নয়নে স্থানীয় সংসদ সদস্য, পেশাজীবী সংগঠনের প্রতিনিধি, নাগরিক সমাজ এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরগুলোর পরামর্শ ও সহযোগিতা নিয়ে কাজ করা হবে। নগরবাসীর প্রয়োজনকে গুরুত্ব দিয়ে সমন্বিত পরিকল্পনার মাধ্যমে পৌরসভার উন্নয়ন ও নাগরিক সেবা কার্যক্রম এগিয়ে নেওয়া হবে। তিনি বলেন, পৌর এলাকার

● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে ৬ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯৪২

দিগন্ত ডেস্ক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে আরো ছয়জনের মৃত্যু হয়েছে। একই সময়ে এক হাজার ৯৪২ জন ডেঙ্গুরোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ৭৮৫ জন, ময়মনসিংহ বিভাগে ১২০ জন, চট্টগ্রাম বিভাগে ৩০১ জন, খুলনা বিভাগে ২৬৪ জন, বরিশাল বিভাগে ২১৩ জন, রাজশাহী বিভাগে ১৯৭ জন, রংপুর বিভাগে ৫৬ জন ও সিলেট বিভাগে ছয়জন রয়েছে।

চলতি বছরের ২৯ সেপ্টেম্বর পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৭৭

● ২-এর পাতায় দেখুন

মুক্তিপণের নামে স্ত্রীর কাছে দেড় লাখ টাকা দাবি সহকর্মীর

সৌদি আরবে মতলবের প্রবাসীকে হত্যার অভিযোগ, মরুভূমিতে মিলল মরদেহ

শামীম মিয়াজী

সৌদি আরবে মতলব উত্তর উপজেলার প্রবাসী মোঃ জসিম উদ্দিনকে হত্যার অভিযোগ উঠেছে তাঁরই এক সহকর্মীর বিরুদ্ধে। দেশটির আল কাসিম এলাকার একটি মরুভূমি থেকে বালুচাপা অবস্থায় তাঁর মরদেহ উদ্ধারের খবর পাওয়া গেছে। এ ঘটনায় জসিমের পরিবারের অভিযোগ, তাঁর সঙ্গে থাকা বড় সাব্বির নামে পরিচিত এক ব্যক্তি টাকা ছিনিয়ে নেওয়ার উদ্দেশ্যে তাঁকে হত্যা করেছেন। পরে ঘটনাটি আড়াল করতে অপহরণের নাটক সাজিয়ে পরিবারের কাছে টাকা দাবি করেন তিনি।

নিহত মোঃ জসিম উদ্দিন মতলব উত্তর উপজেলার ঘাশিরচর গ্রামের আইয়ুব আলীর ছেলে। তিনি দীর্ঘদিন ধরে সৌদি আরবে প্রবাসী ছিলেন। তাঁর স্ত্রী রুমা আক্তার ও তিন কন্যাসন্তান রয়েছে। পারিবারিক সূত্রে জানা যায়, পরিবারের আর্থিক সচ্ছলতা ফেরাতে ২০০৪

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ৮৮ মামলার অবৈধ জালসহ বিপুল পরিমাণ মাদক আগুনে ধ্বংস

শহর প্রতিনিধি

চাঁদপুরে বিভিন্ন মামলায় জব্দ করা বিপুল পরিমাণ মাদকদ্রব্য ও অবৈধ জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। ধ্বংস করা আলামতের মধ্যে রয়েছে ৩ হাজার ১০৪ পিস ইয়াবা, ৩০ কেজি ৫ গ্রাম গাঁজা এবং ৮৮টি মৎস্য মামলায় জব্দ করা ১১ হাজার ৭৯০ মিটার অবৈধ জাল। এসব আলামতের নথিভুক্ত মূল্য কয়েকটি খাতে মিলিয়ে ৩০ লাখ টাকারও বেশি।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর জেলা জজ আদালত প্রাঙ্গণের সামনের মাঠে প্রকাশ্যে আগুন দিয়ে এসব ধ্বংসযোগ্য আলামত বিনষ্ট করা হয়। চাঁদপুর

● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে নব যোগদানকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মেহেদী হাসান মানিকের সঙ্গে বিশিষ্ট ব্যক্তিবর্গের মতবিনিময় সভা।

বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় সভা

ফরিদগঞ্জের ঐতিহ্য, সামাজিক সচেতনতা এবং শিক্ষার হার প্রশংসনীয়

----ইউএনও মেহেদী হাসান মানিক

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিকের সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধি, রাজনীতিবিদ, শিক্ষক, সাংবাদিক, মুক্তিযোদ্ধা ও সুশীল সমাজের প্রতিনিধিদের পরিচিতি ও সুধী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দুপুরে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নবাগত ইউএনওর সভাপতিত্বে এবং উপজেলা মাধ্যমিক অ্যাকাডেমিক সুপারভাইজার আবদুল্লাহ আল মামুনের সঞ্চালনায় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা কল্লোল কিশোর দাস, পৌরসভার সাবেক মেয়র মঞ্জিল হোসেন পাটওয়ারী, গুপ্তি পূর্ব ইউনিয়ন

● ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ৩০ সেপ্টেম্বর

১৫২০ সালে প্রথম সুলাইমান উসমানীয় সাম্রাজ্যের সুলতান হন। ১৯৪৭ সালে পাকিস্তান ও ইয়েমেন জাতিসংঘে যোগদান করে। ১৯৭৩ সালে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় গিনি-বিসাউ। ১৯৯২ সালে বাংলাদেশে কার্ড ফোন ব্যবস্থা চালু হয়। ১২০৭ সালে জন্ম নেন জালাল উদ্দিন মুহাম্মদ রুমি, পারস্যের কবি। ১৯৪৪ সালে জন্ম নেন আবুল কাসেম ফজলুল হক, বাংলাদেশী প্রাবন্ধিক ও রাষ্ট্রচিন্তাবিদ। ১৯৫৩ সালে মারা যান আবদুল করিম সাহিত্যবিশারদ, প্রাচীন বাংলা সাহিত্যের পুঁথি সংগ্রাহক ও সম্পাদক। এইদিন আন্তর্জাতিক অনুবাদ দিবস এবং বাংলাদেশে জাতীয় কন্যা শিশু দিবস পালিত হয়।

হাইমচর ইয়াবাসহ মাদক কারবারি গ্রেফতার

হাইমচর প্রতিনিধি

হাইমচর থানা পুলিশ অভিযান চালিয়ে ৬ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. মফিজুর রহমান (৩৮) নামের এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে।

রোববার (২৮ সেপ্টেম্বর) রাতে হাইমচর থানাধীন আলগী বাজার এলাকার একটি কনফেকশনারীর সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত মফিজুর রহমান চাঁদপুর জেলার হাইমচর উপজেলার পশ্চিম চরকৃষ্ণপুর গ্রামের মৃত রমু মোল্লার ছেলে। তিনি বর্তমানে হাইমচরের মহজমপুর এলাকায় শ্বশুর রজব আলী চৌকিদারের বাড়িতে বসবাস করতেন। এ ঘটনায় হাইমচর থানায় মাদকদ্রব্য

● ৩-এর পাতায় দেখুন

চেয়ারম্যান প্রার্থী শাহজাহান খানের উদ্যোগে

গ্রামীণ সড়ক সংস্কার, স্বস্তিতে দুই হাজার পরিবার

১২নং চান্দ্রা ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী এডভোকেট শাহজাহান খানের উদ্যোগে আধা কিলোমিটার গ্রামীণ সড়ক সংস্কার কাজের চিত্র।

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ১২নং চান্দ্রা ইউনিয়নের পূর্ব বাখরপুর ৩নং ওয়ার্ডের খান বাড়ির পাকা সড়কের মোড় থেকে চেয়ারম্যান প্রার্থী অ্যাডভোকেট শাহজাহান খানের উদ্যোগে প্রায় আধা কিলোমিটার গ্রামীণ সড়ক সংস্কার করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রার্থী ও সমাজসেবক অ্যাডভোকেট শাহজাহান খানের সার্বিক সহযোগিতায় সম্প্রতি এ সংস্কার কাজ সম্পন্ন হয়।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিকেলে সরেজমিনে গিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা যায়, সড়কটির আশপাশে প্রায় দুই হাজার পরিবারের বসবাস। প্রতিদিন দুই থেকে তিন হাজার মানুষ এ সড়ক দিয়ে যাতায়াত করেন। দীর্ঘদিন সংস্কারের অভাবে রাস্তাটি বেহাল অবস্থায় থাকায় বর্ষা ও বৃষ্টির মৌসুমে এতে হাঁটুসমান কাদা জমত। ফলে স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি স্কুল-মাদ্রাসাগামী শিক্ষার্থীদেরও চরম দুর্ভোগ পোহাতে হতো। স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে সড়কটি সংস্কারের প্রয়োজন থাকলেও কার্যকর উদ্যোগ না থাকায় দুর্ভোগ ছিল নিত্যদিনের সঙ্গী। সম্প্রতি বিষয়টি অ্যাডভোকেট শাহজাহান

● ৩-এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে মৃত্যু ছাড়াল ১১০০

দিগন্ত ডেস্ক

দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরে নিশ্চিত হামে ১০১ জন এবং হামের উপসর্গ নিয়ে ১ হাজার ৩ জনসহ মোট ১ হাজার ১০৪ জনের মৃত্যু হয়েছে।

২৯ সেপ্টেম্বর মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে পাঁচজন মারা গেছেন। এ সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে হাম ও উপসর্গ নিয়ে নতুন করে ১ হাজার ৩৩৯ জন রোগী এসেছে। বিভাগভিত্তিক হিসাবে, গত ২৪ ঘণ্টায় ঢাকা

● ৩-এর পাতায় দেখুন

হাসিনা প্রশ্নে তৃতীয় কোনো দেশের সম্পৃক্ততার প্রয়োজন নেই: তথ্য উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

দিল্লিতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেরত আনার বিষয়টি বাংলাদেশ ও ভারতের দ্বিপক্ষীয় বিষয় এবং এ ক্ষেত্রে তৃতীয় কোনো দেশের সম্পৃক্ততার প্রয়োজন নেই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার সচিবালয়ে সরকারের কাজের অগ্রগতি নিয়ে সাপ্তাহিক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সম্প্রতি নিউ ইয়র্কে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলা হয়, মানবতাবিরোধী অপরাধে ফাঁসির দণ্ড পাওয়া শেখ হাসিনার বিষয়ে বাংলাদেশ ও ভারত মিলে সিদ্ধান্ত নেবে বলে যুক্তরাষ্ট্র 'আশা' করে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেন, "এ বিষয়ে যুক্তরাষ্ট্র এখনো কোনো আনুষ্ঠানিক অবস্থান নেয়নি। আমরা বুঝতে পারছি যে, বিষয়টি ভারত ও বাংলাদেশের বৈরিতার একটি বড় কারণ হয়ে দাঁড়িয়েছে। "তাই আমরা আশা করছি, তারা নিজেদের মধ্যে আলোচনা করে

● ৩-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,000 টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে
১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ
৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক
01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
বুধবার ৩০ সেপ্টেম্বর ২০২৬, ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১৭ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

ভারতে ইলিশ রপ্তানি বন্ধে লিগ্যাল নোটিশ

দিগন্ত ডেস্ক

দেশের বাজারে ইলিশের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা সুরক্ষা এবং বাংলাদেশি ইলিশ ভারতে পুনঃরপ্তানির অভিযোগের প্রেক্ষাপটে ভারতে ইলিশ রপ্তানি বন্ধের দাবি জানিয়ে সরকারকে আইনি নোটিশ দেওয়া হয়েছে।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) জনস্বার্থে এ নোটিশ পাঠান সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন।
মন্ত্রিপরিষদ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক এবং জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যানকে নোটিশের প্রাপক করা হয়েছে।
নোটিশে বলা হয়েছে, জাতীয় মাছ ইলিশ বাংলাদেশের একটি মূল্যবান ভৌগোলিক নির্দেশক (জিআই) সম্পদ। অথচ বর্তমানে দেশের স্থানীয় বাজারে এক কেজি ওজনের ইলিশের দাম প্রায় ২ হাজার ৬০০ থেকে ৩ হাজার টাকা পর্যন্ত উঠেছে। এতে সাধারণ ৩-এর পাতায় দেখুন

পাঠ্যবইয়ের মান যাচাইয়ে ৬ প্রেসে শিক্ষামন্ত্রীর আকস্মিক পরিদর্শন

দিগন্ত ডেস্ক

২০২৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বিতরণযোগ্য পাঠ্যবই ছাপার কাজের গুণগত মান যাচাই এবং কাজের অগ্রগতি জানতে রাজধানীর ছয়টি ছাপাখানায় (প্রিন্টিং প্রেস) আকস্মিক পরিদর্শন করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। সোমবার দিনগত রাত ১২টার পর পূর্বঘোষণা ছাড়াই মন্ত্রী ঢাকার বিভিন্ন এলাকায় অবস্থিত এসব ছাপাখানাগুলোতে পরিদর্শনে যান। প্রেসগুলো হলো- মৌসুমী ৩-এর পাতায় দেখুন

দেশের সকল বেসরকারি দাখিল ও আলিম মাদরাসা পরিচালনা কমিটি পুনর্গঠনের নির্দেশ

দিগন্ত ডেস্ক

দেশের সকল বেসরকারি দাখিল ও আলিম মাদরাসার বিদ্যমান ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি পুনর্গঠনের নির্দেশনা দিয়েছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড।
একইসাথে এসব প্রতিষ্ঠানে দ্রুততম সময়ে অ্যাডহক কমিটি গঠনের অনুমতির জন্য নির্দেশ দেয়া হয়েছে।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বোর্ডের এক নির্দেশনায় এ তথ্য জানানো হয়।
প্রধানমন্ত্রীর কার্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের নির্দেশনার আলোকে 'মাদরাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদরাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ (সংশোধিত)' অনুযায়ী এই নির্দেশনা জারি করা হয়।
নির্দেশনায় সভাপতি মনোনয়নের বিষয়ে বলা হয়েছে, সংশ্লিষ্ট মাদরাসা প্রধান স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা ৩-এর পাতায় দেখুন

সোনার দামে পতন, ভরি ২ লাখ ২৮ হাজার টাকা

নিজস্ব প্রতিবেদক

দেশের বাজারে সোনার ভরিতে ২ হাজার ২১৬ টাকা পর্যন্ত কমানো হয়েছে। ফলে ভালো মানের প্রতি ভরি সোনার নতুন দাম দাঁড়িয়েছে ২ লাখ ২৮ হাজার ৫৫৬ টাকা।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) এ তথ্য জানিয়েছে। সোনার এই নতুন দাম আজ সকাল ১০টা থেকে কার্যকর করা হয়েছে। নতুন দাম অনুযায়ী, এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের ৩-এর পাতায় দেখুন

জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় দায়িত্ব পেলেন মতলবের তাহমিদ হাসান

দিগন্ত ডেস্ক

জাতীয় ছাত্রশক্তির পুনর্গঠিত কেন্দ্রীয় কমিটিতে 'উপ-কর্মসূচি বাস্তবায়ন ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক' হিসেবে দায়িত্ব পেয়েছেন মতলব দক্ষিণ উপজেলার তাহমিদ হাসান।
সোমবার (২৮ সেপ্টেম্বর) আবু বাকের মজুমদার ও তাহমিদ আল মুদাচ্ছিরের নেতৃত্বে সংগঠনটির পুনর্গঠিত নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়।
তাহমিদ হাসান বলেন, জাতীয় ছাত্রশক্তিকে আরও গতিশীল ও শক্তিশালী করতে নতুন কিছু উপহার দিতে চাই। শিক্ষার্থীদের অধিকার আদায় এবং দেশের ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ করতে নতুন নতুন পরিকল্পনা ও কর্মসূচি ৩-এর পাতায় দেখুন

মতলব পৌরসভার সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করেন মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী অফিসার কেএম ইসমাম।

মতলব পৌরসভার সমন্বয় কমিটির (টিএলসিসি) সভা

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব পৌরসভার নগর পরিচালনা ও অবকাঠামো (আই.ইউ.জি.আই.পি) এর আওতায় শহর সমন্বয় কমিটির (টিএলসিসি) সভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দুপুর আড়াইটায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী অফিসার ও মতলব পৌরসভার প্রশাসক কেএম ইসমাম।
এসময় বক্তব্য রাখেন জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ড. কাজে হাসেম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা:গোলাম রায়হান,মতলব পৌরসভার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাইফুর রহমান,পৌর প্রকৌশলী ফেরদৌস আহমেদ, মতলব পৌর বিএনপির সভাপতি মোঃ শোয়েব আহমেদ সরকার, মতলব দক্ষিণ ৩-এর পাতায় দেখুন

৬ গোলের রোমাঞ্চকর ম্যাচে অস্ট্রেলিয়ার বিপক্ষে জিতল ব্রাজিল

দিগন্ত ডেস্ক

আন্তর্জাতিক প্রীতি ম্যাচে স্বাগতিক অস্ট্রেলিয়াকে ৪-২ গোলে পরাজিত করে দুই ম্যাচের সিরিজ নিজেদের করে নিয়েছে ব্রাজিল। ব্রিসবেনের সানকর্প স্টেডিয়ামে ৫২ হাজার ৪২৩ জন সকারুস দর্শকদের গর্জনও বাধা হতে পারেনি সেলেসাওদের।
প্রথমার্ধে ২-২ সমতার পর দ্বিতীয়ার্ধে নিজেদের আক্রমণাত্মক ধারায় ম্যাচটি বের করে নেয় রাফিনহারা।
প্রতিবেদন অনুযায়ী, ম্যাচের শুরুতেই চমক দেখায় ব্রাজিল। মাত্র ৩ মিনিটের মাথায় চমৎকার এক বিল্ড-আপ থেকে লক্ষ্যভেদ করে দলকে এগিয়ে নেন ডিফেন্ডার ভ্যান্ডারসন।
তবে শুরুর ধাক্কা সামলে দুর্দান্তভাবে ম্যাচে ফেরে টনি পোপোভিকের অস্ট্রেলিয়া।
ম্যাচের ২৮ মিনিটে আলেসান্দ্রো সিরকাটি গোলে পুরো গ্যালারি উল্লাসে ফেটে পড়ে।
কনর মেটকালফের নিখুঁত ক্রস থেকে দারুণ ফ্লিকে অস্ট্রেলিয়াকে ১-১ সমতায় ফেরান আলেসান্দ্রো ৩-এর পাতায় দেখুন

নবাগত ইউএনওকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন গৃদকালিন্দিয়া ডিগ্রি কলেজ কর্তৃপক্ষ।

নবাগত ইউএনওকে গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের পক্ষ থেকে শুভেচ্ছা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং পদাধিকারবলে গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি মো. মেহেদী হাসান মানিককে ফুলেল শুভেচ্ছা জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মফিজুল ইসলাম ভূঁইয়ার নেতৃত্বে শিক্ষক পরিষদের নেতৃবৃন্দ নবাগত ইউএনওকে এই ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান।
এসময় নবাগত ইউএনও ও কলেজের সভাপতি মো. মেহেদী হাসান মানিক কলেজের শিক্ষা কার্যক্রম, অবকাঠামোগত অবস্থা এবং একাডেমিক পরিস্থিতির খোঁজখবর নেন। একই সঙ্গে চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের অভিনন্দন ৩-এর পাতায় দেখুন

কচুয়া স্বাস্থ্য কমপ্লেক্সে সফল অ্যান্টিভেনম প্রয়োগ, বাঁচলো শিশুর প্রাণ

কচুয়া প্রতিনিধি

কচুয়া স্বাস্থ্য কমপ্লেক্সে সফল অ্যান্টিভেনম প্রয়োগ।

কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরি বিভাগে সাপে-কাটা এক শিশুকে তাৎক্ষণিকভাবে অ্যান্টি-স্নেক ভেনম দেওয়া হয়েছে। হাসপাতালটির চিকিৎসকদের দ্রুত পদক্ষেপ এবং সময়োপযোগী ব্যবস্থাপনায় ওই শিশুটির প্রাণ রক্ষা ও উন্নত চিকিৎসা নিশ্চিত করা সম্ভব হয়েছে। মঙ্গলবার দুপুরে সাপের কামড়ে আক্রান্ত হয়ে কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসে ইসরাত (৮) নামের এক শিশু। সে উপজেলার তারাপাল্লা গ্রামের ইকবাল হোসেনের মেয়ে। হাসপাতাল ও পরিবার সূত্রে জানা যায়, মঙ্গলবার বিকেলে নিজ বাড়ির রান্নাঘরে যাওয়ার পর সাপের কামড়ের শিকার হয় শিশু ইসরাত। পরিবারের লোকজন তাৎক্ষণিকভাবে তাকে কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে আসেন। জরুরি বিভাগে পৌঁছানোর পর কর্তব্যরত চিকিৎসক ডা. সোয়াইব হোসেন শিশুটিকে পরীক্ষা করেন। এসময় কামড়ের স্থান ফোলা ও কালচে হয়ে যাওয়ার পাশাপাশি তার শরীরে সাপের বিষক্রিয়ার গুরুতর লক্ষণ দেখা দেয়। বিশেষ করে তার চোখের পাতা ঝুলে পড়া ও ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জের ঐতিহ্যবাহী নাসিরকোট উচ্চ বিদ্যালয়ের প্রবীণ শিক্ষক গোলাম হক্কানীর অসুস্থতার খবরে হাসপাতালে দেখতে ১৯৯৭ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীরা।

'গুরুসেবা'র অনন্য দৃষ্টান্ত
নাসিরকোর্ট উবির অসুস্থ প্রবীণ শিক্ষককে দেখতে হাসপাতালে প্রাক্তন শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক

শিক্ষক ও শিক্ষার্থীর সম্পর্ক যে কেবল শ্রেণিকক্ষের চার দেয়ালে সীমাবদ্ধ নয়–তারই এক অনন্য নিদর্শন দেখালেন হাজীগঞ্জের গৌরবময় নাসিরকোর্ট উচ্চ বিদ্যালয়ের ১৯৯৭ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীরা। তাঁদের আয়োজিত 'গুরুসেবা পর্ব-২' কর্মসূচির মাধ্যমে একদিকে যেমন সৃষ্টি হয় এক আবেগঘন ও আনন্দমুখর পরিবেশ, অন্যদিকে অসুস্থ শিক্ষকের প্রতি ফুটে ওঠে গভীর সহমর্মিতা, শ্রদ্ধা ও প্রার্থনার চিত্র।
আয়োজকদের মতে, শিক্ষক ও গুরুজনদের প্রতি সেবা ও শ্রদ্ধাবোধ কেবল সামাজিক ও নৈতিক মূল্যবোধ জাগ্রত করে ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ডাক্তার পরিচয়ে সব রোগের চিকিৎসার অভিযোগ!

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার সাদুল্লাপুর ও কালিপুর এলাকায় ডাক্তার পরিচয়ে নিয়মিত চিকিৎসা কার্যক্রম পরিচালনার অভিযোগ উঠেছে মোঃ আবু বকর ছিদ্দিক নামে এক ব্যক্তির বিরুদ্ধে। স্থানীয় বাসিন্দা ও রোগীদের অভিযোগ, তিনি 'ডাঃ মোঃ আবু বকর ছিদ্দিক' নামে প্রেসক্রিপশন করে বিভিন্ন রোগের চিকিৎসা দিয়ে আসছেন। স্থানীয়দের অভিযোগ, সাদুল্লাপুরে পরিচালিত এস এম হোমিও এন্ড ফার্মেসি থেকে রোগীদের কাছ থেকে ১০০ টাকা ভিজিট নিয়ে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে তিনি কোন যোগ্যতায় এবং কী ধরনের অনুমোদনের ভিত্তিতে এসব চিকিৎসা কার্যক্রম পরিচালনা করছেন, তা নিয়ে প্রশ্ন উঠেছে। অভিযোগ রয়েছে, মোঃ আবু বকর ছিদ্দিক তার প্রেসক্রিপশনে ডিএইচএমএস, বিএমএস, ফার্মাসিস্ট ও হারবাল মেডিসিন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত উল্লেখ করছেন। একই সঙ্গে তিনি হোমিওপ্যাথিক, এলোপ্যাথিক, ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা দিয়ে থাকেন বলে স্থানীয়দের দাবি। ২৯ সেপ্টেম্বর মঙ্গলবার দুপুরে সাদুল্লাপুরে তার ফার্মেসিতে গিয়ে ডিএইচএমএস ডিগ্রির পূর্ণরূপ জানতে চাইলে তিনি তা ভুলে গেছেন বলে জানান। তার চিকিৎসাপত্রে ৩-এর পাতায় দেখুন

ভারতে বসে হাসিনার লন্ডনে কথা বলা অর্থহীন: হুমায়ুন কবির

নিজস্ব প্রতিবেদক

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন, শেখ হাসিনার ভারতে বসে ভার্চুয়ালি লন্ডনে কথা বলবে, মানে এগুলো ওয়ার্থলেস অ্যাক্টিভিটিজ (অর্থহীন কাজ)।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত কিম জি জুন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হন হুমায়ুন কবির। এ সময় জানতে চাওয়া হয়, আগামীকাল লন্ডনে একটি প্রেস কনফারেন্স হবে, সেই প্রেস কনফারেন্সে অনলাইনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার ছেলে জয়েন করবে। আমরা কি আমাদের এ বিষয়ে যুক্তরাজ্যকে কোনো বার্তা দেব?
এমন প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী বলেন, এটা তো আর ইউকে সরকার করছে না। না, এটা তো আর... তারপরও ৩-এর পাতায় দেখুন

দুর্গাপূজায় এক দিনের ছুটি বাড়িয়ে টানা পাঁচ দিনের ছুটি

দিগন্ত ডেস্ক

এবার হিন্দু ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গোৎসব ও বৌদ্ধ সম্প্রদায়ের ধর্মীয় উৎসবে অনুদান বাড়িয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। দুর্গাপূজার জন্য হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট প্রধানমন্ত্রীর কাছে চার কোটি টাকা অনুদান চেয়েছিল। প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় পাঁচ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।
একইভাবে বৌদ্ধ সম্প্রদায়ের কঠিন চীবর দান অনুষ্ঠানের জন্য বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট দুই কোটি টাকা চেয়েছিল, প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় তাদের তিন কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র এ তথ্য জানিয়েছে।
প্রতিবছর শারদীয় দুর্গোৎসব উপলক্ষে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে রাষ্ট্রীয় তহবিল থেকে বরাদ্দ দেওয়া হয়। এবার সেই বরাদ্দের পরিমাণ এক কোটি টাকা বাড়িয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। ২৫ সেপ্টেম্বর ছিল বৌদ্ধধর্মাবলম্বীদের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব শুভ প্রবারণা পূর্ণিমা। এ উপলক্ষে কঠিন চীবর দান অনুষ্ঠানের জন্যও চাহিদার চেয়ে এক কোটি টাকা বেশি বরাদ্দ দেওয়া হয়েছে।
এর পাশাপাশি এবার শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ছুটিও বাড়ছে। এ বছরের সরকারি ছুটির তালিকা অনুযায়ী, আগামী ২০ অক্টোবর মঙ্গলবার নবমী উপলক্ষে সরকারের ৩-এর পাতায় দেখুন

জাতীয় পর্যায়ে গুণী শিক্ষক নির্বাচনে ৩য় চাঁদপুরের হোসনে আরা নিরু

স্টাফ রিপোর্টার

জাতীয় পর্যায়ে প্রাথমিকে "গুণী শিক্ষক-২০২৬" নির্বাচনে ৩য় স্থান অর্জন করেছেন চাঁদপুর শহরের তালতলা বিষ্ণুদী আজিমিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হোসনে আরা নিরু।
মঙ্গলবার (২৯সেপ্টেম্বর) জাতীয় পর্যায়ের ফলাফল ঘোষণার এই সাফল্যে চাঁদপুরে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা-সংশ্লিষ্টদের মধ্যে আনন্দের সৃষ্টি হয়।
শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদান, পাঠদানে দক্ষতা, শিক্ষার্থীবান্ধব কার্যক্রম এবং বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে ভূমিকার স্বীকৃতি হিসেবে চাঁদপুর সদর উপজেলা, পরে জেলা ও চট্টগ্রামে বিভাগীয় পর্যায়ে ১ম স্হান অর্জন করেন তিনি। সর্বশেষ (২৪ সেপ্টেম্বর) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে জাতীয় পর্যায়ে নির্বাচনে হোসনে আরা নিরু ৩য় স্থান অর্জন ৩-এর পাতায় দেখুন

সভাপতি মুরাদ খান সাধারণ সম্পাদক মানিক পোদ্দার
চাঁদপুর ড্রামা'র নতুন কার্যকরী পরিষদ গঠন

শহর প্রতিনিধি

বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানভুক্ত নাট্যসংগঠন চাঁদপুর ড্রামা'র ২০২৬-২০২৭ মেয়াদের জন্য ২১ সদস্য বিশিষ্ট নতুন কার্যকরী পরিষদ গঠন করা হয়েছে।
নব-নির্বাচিত কার্যকরী পরিষদের সভাপতি মোঃ মুরাদ হোসেন খান ও সাধারণ সম্পাদক মানিক পোদ্দার। কমিটির অন্যান্যরা হচ্ছেন সহ সভাপতি এ,কে আজাদ, পলাশ মজুমদার, এমদাদুল হক মিলন, সহ সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম, সাংগঠনিক ৩-এর পাতায় দেখুন

সরকার গণমাধ্যম নিয়ন্ত্রণ করতে চায় না: তথ্য প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

গণমাধ্যমকর্মীদের কোনও আইনের আওতায় আনার প্রয়োজন হলে আদালতের অনুমতি নেওয়ার বিধান রাখার প্রস্তাব সরকার বিবেচনা করছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী। তিনি বলেছেন, সরকার গণমাধ্যমকে নিয়ন্ত্রণ করতে চায় না। সাংবাদিকরা যাতে অবাধে কাজ করতে পারেন, সেই পরিবেশ নিশ্চিত করাই এই সরকারের লক্ষ্য।
মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) কার্যনির্বাহী কমিটির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। ইয়াসের খান চৌধুরী বলেন, 'আজ ডিআরইউর সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বে কার্যনির্বাহী কমিটির একটি প্রতিনিধি দলের সঙ্গে আমাদের খোলামেলা আলোচনা হয়েছে। তারা কিছু দাবি-দাওয়া আমাদের কাছে তুলে ধরেছেন। সেগুলো কীভাবে পূরণ করা যায় এবং এ বিষয়ে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, সে বিষয়ে তাদের পরামর্শ ও ৩-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক
চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ৩০ সেপ্টেম্বর ২০২৬

সম্পাদকীয়

প্রাথমিকে শিক্ষক নিয়োগ গোয়েন্দা দিয়ে যাচাই কেন বন্ধ হয়নি

চব্বিশের গণ-অভ্যুত্থানের প্রধান আকাঙ্ক্ষা ছিল বৈষম্য থেকে মুক্তি। সবাই প্রত্যাশা করেছিলেন, সরকারি চাকরিতে রাজনৈতিক বিবেচনায় নয়, বরং মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ দেওয়া হবে। দুঃখজনক হলেও সত্যি, আগের ধারাবাহিকতায় অন্তর্বর্তী ও বর্তমান সরকারের আমলেও সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে গোয়েন্দা দিয়ে যাচাই বন্ধ হয়নি। প্রথম আলোসহ গণমাধ্যমে খবর জানাচ্ছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের চূড়ান্ত সুপারিশ পাওয়ার পরও কয়েক শ জন বাদ পড়েন। আইনে না থাকলেও পুলিশের পাশাপাশি একটি গোয়েন্দা সংস্থা যাচাই প্রক্রিয়ায় অংশ নেয়। প্রার্থীদের সম্পর্কে নেতিবাচক মন্তব্যের কারণে অনেক ব্যক্তি বাদ পড়েছেন বলে অভিযোগ উঠেছে।

দেশে ৬৫ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে শিক্ষক রয়েছেন প্রায় পৌনে চার লাখ। এসব বিদ্যালয়ে প্রধান শিক্ষকের প্রায় ৩৬ হাজার পদ এবং সহকারী শিক্ষকের কয়েক হাজার পদ শূন্য রয়েছে। বাস্তবতা হলো, শিক্ষকের ঘাটতিতে অনেক প্রাথমিকেই ঠিকমতো পাঠদান করা যাচ্ছে না। অন্তর্বর্তী সরকারের আমলে ২০২৫ সালে সহকারী শিক্ষক নিয়োগে যে পরীক্ষা নেওয়া হয়, সেই ফলাফলের ভিত্তিতে ১৪ হাজার ৩৮৪ জনকে চূড়ান্তভাবে নিয়োগের সুপারিশ করা হয়েছিল।

চাঁদপুর হাসপাতালে কিডনি

পদে নিয়োগ সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এবং তৎকালীন কর্মবিধি অনুযায়ী হবে। অন্যদিকে, মেডিকেল টেকনিশিয়ান (ডায়ালাইসিস) পদের বেতনক্রম ৯ হাজার ৩০০ থেকে ২২ হাজার ৪৯০ টাকা (গ্রেড-১৬)।

সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্বীকৃত বোর্ড থেকে অন্যূন তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণ হতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ে কোনো হাসপাতালে প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি মঞ্জুরিপত্রে উল্লেখ করা হাসপাতালগুলোর মধ্যে রয়েছে–মুন্সীগঞ্জ, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, মাগুরা, বান্দরবান, কুষ্টিয়া, ঠাকুরগাঁও, জয়পুরহাট, সুনামগঞ্জ, পিরোজপুর, ঝিনাইদহ, পাবনা, বরগুনা, ভোলা, নওগাঁ, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, যশোর, লালমনিরহাট, মাদারীপুর, ঝালকাঠি, জামালপুর, নেত্রকোণা, চাঁপাইনবাবগঞ্জ, শেরপুর, মেহেরপুর, নরসিংদী, সিরাজগঞ্জ, চুয়াডাঙ্গা, হবিগঞ্জ, পঞ্চগড়, রাজবাড়ী, শরীয়তপুর, নড়াইল, নীলফামারী, সাতক্ষীরা, মৌলভীবাজার, নাটোর, চাঁদপুর, নারায়ণগঞ্জ, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি।

মঞ্জুরিপত্রে বলা হয়েছে, অনুমোদিত পদগুলো জনবলের ক্যাটাগরি সেটআপের অন্তর্ভুক্ত হবে। পরবর্তী সময়ে হাসপাতালভিত্তিক পদ সৃজনের সময় এসব পদ সমন্বয়ের প্রস্তাব করা যাবে না। পদ সৃজনের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট হাসপাতালের সাংগঠনিক কাঠামো জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে অনুমোদন করিয়ে নিতে হবে।

যেসব পদের নিয়োগবিধি নেই, সেসব পদের জন্য নিয়োগবিধি প্রণয়ন করতে হবে। এ ছাড়া বিদ্যমান টিওঅ্যান্ডইতে নতুন সৃজিত পদগুলো অন্তর্ভুক্ত করে পদগুলোকে অস্থায়ী হিসেবে চিহ্নিত করতে হবে। হালনাগাদ টিওঅ্যান্ডই-এর একটি কপি অর্থ বিভাগে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

নতুন সৃজিত এসব কর্মকর্তা-কর্মচারীর যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড থেকে মেটানো হবে। একই সঙ্গে পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগের আরোপিত সব শর্ত প্রযোজ্য হবে।

ভেজাল ও নকল সার

যাচ্ছে উৎপাদন খরচ। তাছাড়া নিম্নমানের বা ভুল উপাদানের কীটনাশক ব্যবহারে পোকামাকড় দমন না হওয়ায় তৈরি হচ্ছে ফসল নষ্টের ঝুঁকিও। সার ও কীটনাশক কৃষির অত্যাবশ্যকীয় উপাদান। ওগুলোর প্রয়োগের ওপর নির্ভর করে ফসলের উৎপাদনশীলতা অনেকাংশ। ওসব উপকরণের মান খারাপ হলে কৃষিতে নেতিবাচক প্রভাব পড়া স্বাভাবিক। ভেজালের বিস্তার বাড়লে কৃষকের পাশাপাশি সামগ্রিক কৃষি উৎপাদনশীলতা ও অর্থনীতিতেও প্রভাব পড়বে। খাদ্য নিরাপত্তাও পড়বে হুমকিতে।

সূত্র আরো জানায়, গত ১৬ সেপ্টেম্বর সাতক্ষীরার একটি বাজারে অভিযান চালিয়ে অবৈধ ও নিষিদ্ধ ঘাসমারা কীটনাশক এবং নামিদামি ব্র্যান্ডের নকল মোড়কে সার মজুদের অভিযোগে এক ব্যবসায়ীকে এক মাসের কারাদণ্ড এবং ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। ওই অভিযানে জব্দ করা হয় প্রায় ৫ লাখ টাকা মূল্যের নকল ও ভেজাল সার-কীটনাশক। ১০ সেপ্টেম্বর কেরানীগঞ্জে নকল সার ও নিষিদ্ধ কীটনাশক তৈরি ও মোড়কজাতের অভিযোগে একজনকে দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়। এসময় অভিযানে ৬টি ব্যক্তিমালিকানাধীন কারখানা থেকে জব্দের পর ধ্বংস করা হয় বিপুল পরিমাণ নকল সার ও কীটনাশক। একই দিনে অপর একটি কারখানায় অভিযান চালিয়ে নকল সার ও নিষিদ্ধ কীটনাশক জব্দ করা হয়। কারখানার মালিককে ১ লাখ টাকা জরিমানা করা হয় আর কারখানাটি সিলগালা করে দেয়া হয়।

অভিযানে প্রায় ২৫০ বস্তা প্রস্তুতকৃত ভেজাল টিএসপি সার এবং সার তৈরির কাঁচামাল হিসেবে রাখা প্রায় ৩০০ বস্তা চুন, সিমেন্ট ও সিরামিক মাটি জব্দ করা হয়। তাছাড়া গত ২৭ আগস্ট রংপুরের পীরগাছা উপজেলার সৈয়দপুর বাজার এলাকায় অভিযান চালিয়ে ভেজাল সার ও বালাইনাশক তৈরির কারখানার সন্ধান পায় প্রশাসন। সেখান থেকে বিভিন্ন নামিদামি কোম্পানির মোড়ক, কাঁচামাল ও সরঞ্জামসহ ৭২ বস্তা ভেজাল সার জব্দ করা হয়। একই দিন মানিকগঞ্জের সাটুরিয়ায় ভেজাল সার বিক্রির অভিযোগে বিএডিসির এক ডিলারকে ২ লাখ টাকা জরিমানা করা হয়। তার দোকান থেকে জব্দ করা হয় পাঁচ বস্তা ভেজাল সার। ১৮ আগস্ট চাঁপাইনবাবগঞ্জে ১৮ আগস্ট ভেজাল কীটনাশক তৈরি ও প্যাকেটজাতের অভিযোগে এক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়। ভ্রাম্যমাণ আদালত তাকে এক বছরের কারাদণ্ড ও ৩ লাখ টাকা জরিমানা করেন। তার দোকান থেকে ৩০৭ বস্তা ভেজাল ইউরিয়া, ২৪৪ বস্তা এমওপি, ১৯ বস্তা ডিএপি ও তিন বস্তা টিএসপি সার জব্দ করা হয়। গত ৩০ জুলাই ভেজাল সার ও কীটনাশক তৈরি এবং প্যাকেটজাত করে বিক্রির অভিযোগে নেত্রকোনার কেন্দুয়া উপজেলায় এক ব্যবসায়ীকে ১ লাখ টাকা জরিমানা করা হয়। অভিযানে তার দুটি গোডাউন থেকে প্রায় ২০০ বস্তা সার তৈরির কাঁচামাল ও সরঞ্জাম এবং ১০ বস্তা নকল কীটনাশক জব্দ করা হয়। ১৩ জুলাই বীজের মোড়ক জালিয়াতি, মেয়াদোত্তীর্ণ কীটনাশকের মেয়াদ পরিবর্তন এবং ভেজাল কৃষিপণ্য বিক্রির অভিযোগে একটি প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সংশ্লিষ্টদের মতে, যেসব সারের মান খারাপ পাওয়া গেছে, সেগুলো বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দেয়া হয়েছে। আর ভেজাল সার ব্যবহারে কৃষকের কী পরিমাণ ক্ষতি হয়েছে তা খতিয়ে দেখা হচ্ছে। বড় ধরনের ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রণোদনা বা অন্য সহযোগিতার বিষয়টিও বিবেচনা করা হবে। পাশাপাশি ভেজাল সার বাজারজাত ও বিক্রির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

অন্যদিকে বাজারে বিক্রি হওয়া ভেজাল পণ্য নিয়ে কৃষি সমপ্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. আব্দুর রহিম জানান, ভেজাল সার ও কীটনাশকের কিছু অভিযোগ আছে। তবে ভেজাল ওসব পণ্য দিয়ে কেউ যাতে কৃষকের সঙ্গে প্রতারণা করতে না পারে সেজন্য কৃষি কর্মকর্তারা কাজ করছেন। অভিযানের পাশাপাশি কোনো সার ও কীটনাশক নিয়ে সন্দেহ হলে সেগুলো ল্যাব টেস্টের ব্যবস্থা করা হচ্ছে। অনিয়ম পাওয়া গেলে আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে। কৃষি বিভাগ এ বিষয়ে সতর্ক রয়েছে।

একনেকে ১৫ হাজার ৮২৩ কোটি

এবং দু'টি মেয়াদ বৃদ্ধির প্রকল্প রয়েছে।

আজ রাজধানীর আগারগাঁওয়ে এনএসি সম্মেলন কক্ষে একনেক সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে পরিকল্পনা প্রতিমন্ত্রী মো: জোনায়েদ আব্দুর রহমান সাকি এসব তথ্য জানান। সভায় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দু'টি প্রকল্প রয়েছে। এগুলো হলো 'ইন্টিগ্রেটেড হেলথ সিস্টেম রেসপন্স টু ফাইট এগেইনস্ট টিবি, এইচআইভি/এইডস অ্যান্ড ম্যালেরিয়া ইন বাংলাদেশ' এবং 'পটুয়াখালী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল স্থাপন (১ম সংশোধিত)'।

অর্থ মন্ত্রণালয়ের 'ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-২ (এফএসএসপি-২)' প্রকল্পও আজ অনুমোদন পেয়েছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের 'চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগে বিদ্যমান শারীরিক প্রতিবন্ধী প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন ও সম্প্রসারণ এবং মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান রৌফাবাদ, চট্টগ্রামে হোস্টেল ভবন সম্প্রসারণ ও সক্ষমতা' প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে।

পানিসম্পদ মন্ত্রণালয়ের দু'টি প্রকল্প হলো 'মুসাপুর রেগুলেটর নির্মাণসহ ছোট ফেনী ও বামনী নদী অববাহিকায় সমন্বিত বন্যা ও নদী ব্যবস্থাপনা এবং নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (অংশ-১)' এবং 'মেঘনা নদীর ভাঙন হতে ভোলা সদর ও দৌলতখান উপজেলার শিবপুর, ধনিয়া ও মেদুয়া এলাকা রক্ষা' প্রকল্প।

ভূমি মন্ত্রণালয়ের 'ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে তিনটি সিটি করপোরেশন, একটি পৌরসভা ও দু'টি গ্রামীণ উপজেলায় ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন (২য় সংশোধিত)' প্রকল্প অনুমোদন পেয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দু'টি প্রকল্প হলো 'রংপুর বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ' এবং 'মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (৩য় সংশোধন)' প্রকল্প।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের 'হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) (৩য় সংশোধন)' প্রকল্পও অনুমোদিত হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত)' প্রকল্প অনুমোদন করা হয়।

এছাড়া বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের দু'টি প্রকল্প 'ফেনী জেলার সোনাগাজীতে সৌরবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ' এবং 'তিনটি পার্বত্য জেলায় বিদ্যুৎ নেটওয়ার্ক সম্প্রসারণ' প্রকল্প অনুমোদন পেয়েছে।

সভায় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ইতোমধ্যে ৫০ কোটি টাকার কম ব্যয় সম্বলিত অনুমোদিত ১৫টি প্রকল্প সম্পর্কেও একনেককে অবহিত করা হয়।

এসব প্রকল্পের মধ্যে রয়েছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, নির্ঝর ঢাকা ক্যান্টনমেন্টের বিদ্যমান ভবনের ঊর্ধ্বমুখী সম্প্রসারণ, বিমান বাহিনী ঘাঁটি কুর্মিটোলায় বিএএফ শাহীন কলেজের অবকাঠামো নির্মাণ, আলীকদম সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজের অবকাঠামো উন্নয়ন, ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়ন, ১০ জেলায় বিএসটিআইয়ের আঞ্চলিক কার্যালয় স্থাপন এবং রূপসা ৮০০ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র প্রকল্প।

এছাড়া মিরপুর ইউসেপ-শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন, ক্লাইমেট-স্মার্ট এগ্রিকালচার অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট, কুড়িগ্রামে ধরলা নদীর বন্যা নিয়ন্ত্রণ ও তীর সংরক্ষণ, হবিগঞ্জে কুশিয়ারা নদীর উভয় তীর প্রতিরক্ষা, ময়মনসিংহ সিটি করপোরেশনের সড়ক ও ড্রেনেজ নেটওয়ার্ক উন্নয়ন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ এবং ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পও রয়েছে।

এ তালিকায় ভূয়াপুর-তারাকান্দি জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ এবং চাঁপাইনবাবগঞ্জ পৌরসভায় ভূপৃষ্ঠস্থ পানি পরিশোধন করে পাইপলাইনের মাধ্যমে সরবরাহ ও নিরাপদ স্যানিটেশন প্রকল্পও রয়েছে।

সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খান, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ, মহিলা ও সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা: এ জেড এম জাহিদ হোসেন, ভূমিমন্ত্রী মো: মিজানুর রহমান মিনু, শিল্প, বস্ত্র ও বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, পানিসম্পদ মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো: সাখাওয়াত হোসেন, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম, বাংলাদেশ ব্যাংকের গভর্নরসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন।

চাঁদপুরের অতিরিক্ত জেলা

করেন। ২০২৪ সালের ৫ আগস্টের পর অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে তিনি চাঁদপুর পৌরসভার প্রশাসক হিসেবেও দায়িত্ব পালন করেন। প্রায় ১ মাস ১৫ দিন দায়িত্ব পালনকালে পৌরসভার বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করেন। ওই সময়ে দীর্ঘদিনের নানা সংকট ও জটিলতার মধ্যেও পৌরসভার কার্যক্রম সচল রাখার উদ্যোগ নেন তিনি।

জেলা প্রশাসনের গুরুত্বপূর্ণ এই কর্মকর্তা গত ২৭ সেপ্টেম্বর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এরশাদ উদ্দিনের স্থলাভিষিক্ত হন। এরপর ২৮ সেপ্টেম্বর থেকে তিনি আনুষ্ঠানিকভাবে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন শুরু করেন।

নতুন দায়িত্বে যোগ দিয়ে জেলা প্রশাসনের সার্বিক কার্যক্রম আরও গতিশীল করা, সরকারি সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া এবং জেলার বিভিন্ন প্রশাসনিক কর্মকাণ্ডে সমন্বয় জোরদারে কাজ করবেন বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

প্রশাসনিক পর্যায়ে দীর্ঘ অভিজ্ঞতার পাশাপাশি চাঁদপুরে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালনের কারণে একরামুল ছিদ্দিক জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের কাছে ইতোমধ্যে পরিচিত মুখ। নতুন দায়িত্বে তাঁর পূর্বের অভিজ্ঞতা জেলা প্রশাসনের সার্বিক কার্যক্রমে কাজে আসবে বলে সংশ্লিষ্ট মহল মনে করছে।

দাম বাড়িয়েই জ্বালানি

নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনগণের জন্য জ্বালানির মূল্য সহনীয় পর্যায়ে রাখার উপায় নিয়েও আলোচনা করেন কমিটির সদস্যরা। পাশাপাশি জ্বালানির মূল্য হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে পদ্মা, মেঘনা ও যমুনা অয়েল পিএলসির ভূমিকা নিয়েও বিস্তারিত আলোচনা হয়।

বৈঠকে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর দেশে জ্বালানি সঙ্কট সৃষ্টির কারণ জানতে চাওয়া হয়। বিশেষ করে জ্বালানি সরবরাহ ব্যবস্থা সঙ্কটকালীন ও পরবর্তী সময়ে একই থাকার পরও শুধু জ্বালানির মূল্য বৃদ্ধির ফলে কীভাবে ওই সঙ্কটের অবসান হয়েছে, সে বিষয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের কাছে ব্যাখ্যা চাওয়া হয়।

এ সময় দেশের বর্তমান জ্বালানি চাহিদা সম্পর্কে কমিটিকে অবহিত করার পাশাপাশি জ্বালানি সংরক্ষণের সক্ষমতার বিস্তারিত তথ্য উপস্থাপনের বিষয়েও গুরুত্বারোপ করা হয়। ভবিষ্যতে জ্বালানির চাহিদা মোকাবেলায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রস্তুতি কী–পরবর্তী বৈঠকে সে বিষয়ে বিস্তারিত তথ্য কমিটির কাছে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়।

জনগণের জন্য জ্বালানির মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে যুগোপযোগী ও বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন ও তা কমিটির কাছে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সুপারিশ করা হয়েছে। একইসাথে পেট্রোলিয়াম পণ্যের মূল্য হ্রাস-বৃদ্ধি ও মূল্য সমন্বয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর ভূমিকা নিয়েও আলোচনা হয়।

বৈঠকে কমিটির সদস্য ও হুইপ মিয়া নূরুদ্দিন আহমেদ অপু, হুইপ মো: আখতারুজ্জামান মিয়া, মোসা: তাহসিনা রুশদীর, খোন্দকার আবু আশফাক, মোহাম্মদ কয়ছর আহমেদ, বিশ্বাস জাহাঙ্গীর আলম, মো: মুস্তাফিজুর রহমান ভূঁইয়া ও মোহাম্মদ নাজিবুর রহমান অংশ নেন।

বৈঠকে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের কর্মকর্তারা এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, মন্ত্রণালয়, বিভাগ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

চাঁদপুর জেনারেল হাসপাতালের

পুরুষ ওয়ার্ডের রোগীদের মধ্যে তীব্র আতঙ্ক বিরাজ করছে এবং অনেকেই হাসপাতাল ছেড়ে চলে যাওয়ার কথা ভাবছেন। রোগী ও তাদের স্বজনরা দ্রুত এই ঝুঁকিপূর্ণ অবস্থার স্থায়ী সমাধানের দাবি জানিয়েছেন।

হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহবুবুর রহমান জানান, হাসপাতালের ধারণক্ষমতা ২৫০ শয্যা হলেও বর্তমানে সেখানে প্রায় ৬০০ রোগী চিকিৎসাধীন রয়েছে, যা পুরো অবকাঠামোর ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করছে। এ বিষয়ে নতুন ভবনের নির্মাণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আগেই আবেদন করা হয়েছে এবং ঝুঁকিপূর্ণ স্থানগুলো চিহ্নিত করে মেরামতের কাজ করা হচ্ছে।

ফরিদগঞ্জে শেখ হাসিনার জন্মদিন

আসামিরা বালিথুবা পূর্ব ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে সমবেত হয়ে কেক কেটে শেখ হাসিনার জন্মদিন উদযাপন করে এবং সরকারবিরোধী মিছিল ও স্লোগান দেয়।

খবর পেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে পুলিশ ঘটনাস্থলে অভিযান চালায়। পুলিশি এজাহারে উল্লেখ করা হয়, আসামিরা পরস্পর যোগসাজশে দেশবিরোধী প্রচারণা, রাষ্ট্রীয় অখণ্ডতা ও জননিরাপত্তা বিঘ্নিত করার লক্ষ্যে ধ্বংসাত্মক কার্যক্রমের পরিকল্পনা করছিল। এ ঘটনায় সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর সংশ্লিষ্ট ধারায় মামলাটি রুজু করা হয়।

মামলায় আসামিরা হলেন, ২নং বালিথুবা পূর্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং চাঁদপুর জেলা কৃষকলিগের যুগ্ম আহ্বায়ক মোঃ হারুনুর রশিদ (৪৮), ছাত্রলীগের কর্মী জাহিদ আহমেদ (২৫), মুন্না খান (২৩), সাব্বির (২২), মিনহাজ (২১), তুহিন (২৪), ওয়াসিব (২৩), সৈকত (২২), শামীম (২৪), রাসেল মিজি (২৮), আওয়ামী লীগ নেতা জিএম হাসান তাবাস্সুম (৪৫), উপজেলা ছাত্রলীগের কর্মী আল আমিন (২১), সাবেক মেয়র ও পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মাহফুজুল হক (৪৫), উপজেলা যুবলীগের সদস্য পুতুল সরকার (৪২), গোবিন্দপুর (উত্তর) ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক ও ৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ জাকির হোসেন মেম্বার (৪৫), গোবিন্দপুর (উত্তর) ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক সোহেল চৌধুরী (৩৫), ১১নং চরদুঃখিয়া পূর্ব ইউনিয়নের চেয়ারম্যান

মাহমুদুল হাসান মিরাজ (৩৭), রূপসা উত্তর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক এস এম কাউছার উল আলম কামরুল (৪৫), পাইকপাড়া দক্ষিণ ইউপি চেয়ারম্যান শেখ হোসেন আহাম্মদ রাজন (৪০), উপজেলা আওয়ামীলীগ নেতা ও সাবেক জেলা পরিষদের সদস্য মোঃ মশিউর রহমান মিঠু (৫২), গোবিন্দপুর দক্ষিণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সদস্য মোঃ আলাউদ্দিন ভুইয়া (৩৬), ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক আলমগীর হোসেন রিপন (৪২), ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি সাত্তার ছৈয়াল (৫৫), রূপসা উত্তর ইউনিয়ন পরিষদ ২ ওয়ার্ডের ইউপি সদস্য ও ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাসান মেম্বার(৩৮), গোবিন্দপুর উত্তর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি সুমন খাঁন (২৮),গোবিন্দপুর উত্তর ইউনিয়নের ছাত্রলীগনেতা মোঃ শাকিল ভূইয়া (২৫), ইয়াছিন খাঁন (২৫), মোঃ মাসুদ রাঢ়ী (৩০), পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি কামরুল হাসান সাউদ (৪৫), উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম পাটওয়ারী (৩০), যুবলীগ নেতা জাহাঙ্গীর ওরফে কামরুল সরকার (৩৫), উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা ছাত্রলীগেরসাবেক সভাপতি খাজে আহমেদ মজমুদার (৪৮), ছাত্রলীগ নেতা মাহবুব শেখ (৩২) এর বিরুদ্ধে এজহার নামিয় আসামি করে আরো অজ্ঞাতনামার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

এ বিষয়ে ফরিদগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ এরশাদ উল্যাহ জানান, অবৈধভাবে জনসমাবেশ করে রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড ও আইনশৃঙ্খলা বিঘ্ন ঘটানোর চক্রান্তের অভিযোগে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে। মামলার ১ নম্বর আসামি বালিথুবা পূর্ব ইউপি চেয়ারম্যান মো. হারুনুর রশিদকে ইতোমধ্যে গ্রেপ্তার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। অন্য এজাহারনামীয় আসামীদের গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

চাঁদপুরে ৮৮ মামলার অবৈধ জালসহ

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের মালখানা শাখার ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট শাহাদাতুল হাসান আল মুরাদের উপস্থিতিতে এ কার্যক্রম সম্পন্ন হয়।

আদালত সূত্রে জানা যায়, জেলার বিভিন্ন থানা, জেলা গোয়েন্দা শাখা (ডিবি) এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন মামলায় এসব মাদকদ্রব্য জব্দ করা হয়েছিল। অন্যদিকে, নিষিদ্ধ ও অবৈধ জাল ব্যবহারের অভিযোগে দায়ের করা ৮৮টি মৎস্য মামলায় জব্দ করা হয়েছিল ১১ হাজার ৭৯০ মিটার জাল।

দীর্ঘদিন আদালতের মালখানায় সংরক্ষিত থাকার পর মামলার বিচারিক কার্যক্রমে প্রয়োজনীয়তা শেষ হওয়া এবং বিধি অনুযায়ী ধ্বংসযোগ্য আলামত হিসেবে চিহ্নিত এসব মাদক ও জাল নির্ধারিত প্রক্রিয়ায় ধ্বংস করা হয়।

এ সময় আদালতসংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দিন স্বপন বিষয়টি নিশ্চিত করে জানান, আদালতের বিভিন্ন মামলায় জব্দ করা ধ্বংসযোগ্য আলামত নির্ধারিত নিয়ম ও প্রক্রিয়া অনুসরণ করে বিনষ্ট করা হয়েছে।

সৌদি আরবে মতলবের

সালে বৈধভাবে সৌদি আরবে পাড়ি জমান জসিম উদ্দিন। ২০০৭ সালের ১৫ অক্টোবর মতলবের গজরা এলাকার মিয়াবাড়ির আবুল কাশেমের মেয়ে রুমা আক্তারের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন তিনি। বিয়ের পর আবারও সৌদি আরবে ফিরে কর্মজীবন শুরু করেন। প্রবাসে ব্যবসা-বাণিজ্য করতে গিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার পর আকামা নবায়ন করতে পারেননি তিনি। পরিবারের দাবি, ২০২৩ সাল থেকে তিনি অবৈধভাবে সৌদি আরবে অবস্থান করছিলেন।

সর্বশেষ তিনি সৌদি আরবের আল কাসিম এলাকার আল গাম্মাস নামের একটি মাজরায় (কৃষি খামার) শ্রমিক হিসেবে কাজ করতেন। সেখানে প্রায় ২৫ জন শ্রমিক কাজ করতেন। জসিম উদ্দিন যে কক্ষে থাকতেন, সেখানে আরও দুই বাংলাদেশি ছিলেন। তাঁদের একজন মতলব দক্ষিণ উপজেলার দিগলদী গ্রামের তমিজ উদ্দিন বকাউলের ছেলে জাকির বকাউল, যিনি ছোট সাব্বির নামে পরিচিত।

পরিবারের অভিযোগ, গত ১৯ সেপ্টেম্বর শনিবার বাংলাদেশ সময় রাত ৮টার দিকে পরিবারের কাছে প্রায় চার লাখ টাকা পাঠানোর উদ্দেশ্যে বড় সাব্বিরকে সঙ্গে নিয়ে বাসা থেকে বের হন জসিম উদ্দিন। এ সময় তাঁর কাছে টাকা ছিল। কিছু দূর যাওয়ার পর বড় সাব্বির টাকা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন। একপর্যায়ে তাঁদের মধ্যে ধস্তাধস্তি হয়। অভিযোগ অনুযায়ী, তখন পেছন থেকে লাঠি দিয়ে জসিমের মাথা বা শরীরের পেছনের অংশে আঘাত করা হয়। এতে তিনি মাটিতে লুটিয়ে পড়েন এবং পরে মারা যান।

পরিবারের দাবি, জসিমের মৃত্যুর পর তাঁর মরদেহ পাশের একটি মরুভূমিতে বালুচাপা দিয়ে রাখা হয়। এ সময় তাঁর ব্যবহৃত মোবাইল ফোনটিও নিয়ে যান অভিযুক্ত ব্যক্তি। পরে কক্ষে ফিরলে জসিমের অবস্থান সম্পর্কে জানতে চাইলে তিনি কিছু জানেন না বলে জানান।

নিহতের স্বজনদের অভিযোগ, জসিম নিখোঁজ হওয়ার পর তাঁর মোবাইল ফোন ব্যবহার করে অপহরণের নাটক সাজানো হয়। তাঁর স্ত্রী ও আত্মীয়স্বজনের কাছে প্রায় দেড় লাখ টাকা দাবি করা হয়। টাকা না দিলে জসিমকে হত্যা করা হবে বলেও হুমকি দেয়া হয়। সর্বশেষ ২৩ সেপ্টেম্বর রাতে জসিমের স্ত্রীর কাছে খুদেবার্তার মাধ্যমে আরও এক লাখ টাকা দাবি করা হয় বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

পরে ২৫ সেপ্টেম্বর শুক্রবার বেলা ১১টার দিকে নওগাঁর আশরাফুল নামে এক ব্যক্তি ফোন করে জসিমের স্ত্রীকে তাঁর মৃত্যুর খবর জানান। এরপর রুমা আক্তার সৌদি আরবে থাকা ছোট সাব্বিরের সঙ্গে যোগাযোগ করেন। পরিবারের ভাষ্য অনুযায়ী, ছোট সাব্বির তাঁকে জানান, বড় সাব্বির জসিমকে হত্যা করে পাশের একটি মাজরায় বালুর নিচে চাপা দিয়ে রেখেছিলেন।

ছোট সাব্বিরের ভাষ্য অনুযায়ী, কয়েকজন বাংলাদেশি শ্রমিক পাশের মাজরায় কাজ করতে যাওয়ার পথে বালুর ওপর মরদেহের অংশবিশেষ দেখতে পান। পরে পুলিশকে খবর দেওয়া হলে পুলিশ ঘটনাস্থলে আসে। এ সময় তিনি আরও কয়েকজনের সঙ্গে মরদেহটি বালুর নিচ থেকে তুলতে সহায়তা করেন। পরে পুলিশ তাঁদের জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যায়। জিজ্ঞাসাবাদ শেষে তাঁকে বাসায় যাওয়ার অনুমতি দেওয়া হয় বলে তিনি দাবি করেন।

ছোট সাব্বিরের অভিযোগ, বড় সাব্বির তাঁদের সঙ্গে প্রায়ই ঝগড়া করতেন এবং জোরপূর্বক টাকা ধার নিতেন। সৌদি আরবে অবৈধ অবস্থানের কারণে তাঁরা প্রতিবাদ করতে সাহস পেতেন না। এ সুযোগ কাজে লাগিয়ে বড় সাব্বির তাঁদের ওপর প্রভাব বিস্তার করতেন বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তিকে হারিয়ে স্ত্রী ও তিন কন্যাসন্তান চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছেন। স্বজনেরা জসিম উদ্দিনের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা এবং ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন এবং মতলব উত্তর থানায় একটি সাধারণ ডায়েরি করেন।

তবে এ ঘটনায় সৌদি আরবের পুলিশের আনুষ্ঠানিক বক্তব্য, ময়নাতদন্তের প্রতিবেদন, হত্যাকাণ্ডের সুনির্দিষ্ট কারণ এবং অভিযুক্ত ব্যক্তির গ্রেপ্তারের বিষয়ে নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া গেলে তা পরবর্তী প্রতিবেদনে তুলে ধরা হবে।

ডেঙ্গুতে ৬ জনের মৃত্যু,

হাজার ৬৭২ জন। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। চলতি বছরে ডেঙ্গুতে মোট ২৩৯ জনের মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘন্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক হাজার ৭৫১ জন। চলতি বছরে এ যাবৎ মোট ৭২ হাজার ৪ জন ডেঙ্গুরোগী হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছে। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছে এক লাখ দুই হাজার ৮৬১ জন এবং ডেঙ্গুতে মারা গেছে মোট ৪১৩ জন।

চাঁদপুর পৌরসভার নাগরিক

বিভিন্ন সমস্যা চিহ্নিত করে জনগুরুত্ব অনুযায়ী সেগুলো পর্যায়ক্রমে সমাধানের উদ্যোগ নেওয়া হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের মতামতকে গুরুত্ব দেওয়া হবে।

পৌরসভার নির্বাহী কর্মকর্তা হিমাদ্রি খিসার সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় নগর সমন্বয় কমিটির সদস্য, পেশাজীবী সংগঠনের প্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি এবং সরকারের বিভিন্ন বিভাগের কর্মকর্তারা অংশ নেন।

সভায় বক্তব্য দেন জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ রুহুল্লাহ, বাবুরহাট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোশাররফ হোসেন, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, নাগরিক সমাজের প্রতিনিধি ও সাংবাদিক বি এম হান্নান, এনজিও প্রতিনিধি ও সাংবাদিক আলম পলাশ, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার, সদর উপজেলা কৃষি কর্মকর্তা, আইনজীবী ইখতিয়ার উদ্দিন শিশু, শহর মহিলা দলের সভানেত্রী জোহরা আনোয়ার হীরা, সাধারণ সম্পাদক নাহিদা রহমান সেতু, সাংগঠনিক সম্পাদক ফেরদৌসি আক্তার ইশিতাসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা।

সভায় অংশগ্রহণকারীরা পৌরসভার বিভিন্ন সমস্যা ও নাগরিক সেবার নানা দিক তুলে ধরেন। পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরী তাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার বিষয়ে আশ্বস্ত করেন।

সভায় পৌর এলাকার সড়ক সংস্কার ও উন্নয়ন, ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও সংস্কার, পয়ঃনিষ্কাশন, জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ, যানজট নিয়ন্ত্রণ, ফুটপাত দখলমুক্ত রাখা, ডেঙ্গু প্রতিরোধ এবং বেওয়ারিশ কুকুরের উপদ্রব নিয়ন্ত্রণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়।

নগর সমন্বয় কমিটির সভায় উঠে আসা এসব সমস্যা ও প্রস্তাব পৌরসভার ভবিষ্যৎ নাগরিক সেবা পরিকল্পনায় গুরুত্ব পাবে বলে সংশ্লিষ্টরা জানান।

ফরিদগঞ্জের ঐতিহ্য, সামাজিক

পরিষদের চেয়ারম্যান মো. শাহজাহান পাটওয়ারী, বাংলাদেশ জামায়াতে ইসলামী ফরিদগঞ্জ উপজেলা শাখার সেক্রেটারি জেনারেল শেখ সাখাওয়াত হোসেন, ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামাল, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক শাহাদাত হোসেন সাবু পাটওয়ারী, সদস্য সচিব বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন, গৃদকালিন্দিয়া কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মফিজুল ইসলাম এবং বিশিষ্ট ব্যবসায়ী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সভায় বক্তারা এলাকার সড়ক ও যোগাযোগ ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন, দূরবস্থা দূরীকরণ, মাদকের বিস্তার রোধ, কিশোর গ্যাংয়ের দৌরাত্ম্য থামানো, চুরি ডাকাতি প্রতিরোধ এবং সেবা পাওয়ার ক্ষেত্রে ঘুষ-দুর্নীতি বন্ধে নবাগত প্রশাসনিক প্রধানের সরাসরি হস্তক্ষেপ ও কঠোর প্রশাসনিক পদক্ষেপ দাবি করেন।

উপস্থিত সকলের বক্তব্য মনোযোগ দিয়ে শুনে সভাপতির সমাপনী বক্তব্যে নবাগত ইউএনও মো. মেহেদী হাসান মানিক বলেন, ফরিদগঞ্জের ঐতিহ্য, সামাজিক সচেতনতা এবং শিক্ষার হার সত্যিই প্রশংসনীয়। প্রশাসন থেকে শুরু করে দেশের সর্বোচ্চ বিদ্যাপিঠ ও গুরুত্বপূর্ণ দপ্তরগুলোতে এই অঞ্চলের সন্তানরা সুনামের সঙ্গে দেশকে নেতৃত্ব দিয়ে আসছেন। এ এলাকার মানুষের বক্তব্য ও উপস্থাপনা অত্যন্ত অর্থবহ ও যুক্তিপূর্ণ।

এলাকার অন্যতম প্রধান সামাজিক ব্যাধি মাদকের বিষয়ে তিনি দৃঢ় বার্তা দিয়ে বলেন, মাদকের বিস্তার রোধ করা কেবল ফরিদগঞ্জের নয়, বরং এটি একটি জাতীয় চ্যালেঞ্জ। ফরিদগঞ্জে যেহেতু মাদকের কোনো উৎপাদন কেন্দ্র নেই, তাই বাইরে থেকে বিভিন্ন রুট ব্যবহার করে এখানে মাদক প্রবেশ করে। শুধু সেবনকারী বা খুচরা বিক্রেতা ধরে এটি বন্ধ করা সম্ভব নয়। থানা পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ দপ্তরকে সঙ্গে নিয়ে আমরা সর্বপ্রথমে ফরিদগঞ্জে মাদক প্রবেশের মূল পথ বা রুটগুলোকে চিহ্নিত করে তা পুরোপুরি ব্লক করতে কঠোর অবস্থান নেব।

কিশোর গ্যাং ও উঠতি বয়সের তরুণদের অপরাধপ্রবণতা নিয়ে ইউএনও অভিভাবকদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, কিশোর গ্যাংয়ের সদস্যরা আমাদেরই পরিবারের কারো না কারো সন্তান বা ছোট ভাই। পরিবার থেকে তাদের নিয়ন্ত্রণ ও সচেতন করা না গেলে কেবল আইনি পদক্ষেপে শতভাগ ফল আসবে না। বিশেষ করে সন্ধ্যার পর নিজের সন্তান বা ভাই কার সঙ্গে সঙ্গ দিচ্ছে, কোথায় সময় কাটাচ্ছে-সে বিষয়ে অভিভাবকদের কড়া নজর রাখতে হবে। সমাজকে সুন্দর রাখতে পরিবারকেই প্রথম ঢাল হিসেবে দাঁড়াতে হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণিকক্ষে স্মার্টফোন ও অপ্রয়োজনীয় ডিজিটাল ডিভাইসের ব্যবহার বন্ধে তিনি কঠোর নির্দেশনার ইঙ্গিত দিয়ে বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে মোবাইল ফোন ব্যবহারের কারণে শিক্ষার্থীদের মনোযোগে ব্যঘাত ঘটছে। প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে অভিভাবক সমাবেশ ডেকে সুস্পষ্ট নোটিশ জারি করতে হবে। নির্দিষ্ট মেয়াদের পর কোনো শিক্ষার্থী স্কুলে মোবাইল নিয়ে এলে তা সরাসরি বাজেয়াপ্ত করতে হবে এবং অভিভাবককে তলব করে কঠোর পদক্ষেপ নিতে হবে। এছাড়া চাঁদপুরের মহাসড়কের বাঁকগুলোতে সড়ক দুর্ঘটনা রোধে ঝুঁকিপূর্ণ স্থান চিহ্নিতকরণ ও গতিসীমার সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপন, যত্রতত্র ব্যাটারিচালিত অবৈধ অটোরিকশার শৃঙ্খলা আনয়ন, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ, শিক্ষার সার্বিক মানোন্নয়ন এবং সপ্তাহের প্রতি শনিবার স্ব-স্ব আঙিনা ও শিক্ষাপ্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য সর্বস্তরের জনগণের আন্তরিক সহযোগিতা কামনা করেন নবাগত এই প্রশাসনিক কর্মকর্তা।

এফিডেভিট

আমার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল (সাল-২০২১, রোল-৩০৯৬০৯, রেজি: ১৮১৮৬৩৩২৫৬) ও আলিম (সাল-২০২৩, রোল-১৭৫০১৯, রেজি: ১৮১৮৬৩৩২৫৬) শ্রেণির সনদ, নম্বরপর্দ্দ, নিবন্ধন ও প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট ডকুমেন্ট -এ **পিতার নাম JASIM UDDIN এবং মাতার নাম SUFIYA BEGUM** ভুলভাবে লিপিবদ্ধ করা হয়েছে।
প্রকৃত পক্ষে, জন্ম সনদ ও অন্যান্য কাগজপত্র অনুযায়ী দাখিল ও আলিম শ্রেণির যাবতীয় ডকুমেন্ট -এ পিতার ও মাতার সঠিক ও শুদ্ধ নাম হবে **পিতার সঠিক নাম MD JASHIMUDDIN MOZUMDER এবং মাতার সঠিক নাম HALENA BEGUM.** যা বিজ্ঞ আদালতে এফিডেভিটের মাধ্যমে সংশোধন করার আবেদন করিলাম। যার এফিডেভিট নং-২১৫, তাং ২৭.০৯.২০২৬ ।-উম্মে ছালমা

হারিয়েছে

আমি নিম্নস্বাক্ষরকারী পারভীন আক্তার (৩৫), পিতা: আবুল বাসার। আমার ডকুমেন্ট নম্বরপত্র (মার্কশীট) হারিয়েছে।
যাহার রেজিষ্টেশন নং: 1378114, শিক্ষাবর্ষ:- 2008-2009, কোড নং: 204,ফলাফল: SECEND CLASS, শাখা: HONOURS, শ্রেনী: B.A.HONOURS COURSE, CHANDPUR GOVT. COLLEGE, ইস্যুকারী কর্তৃপক্ষ : National University। চাঁদপুর সদর থানা, জিডি নং- ১৭৩০, তারিখঃ ২৮/০৯/২০২৬ইং।-পারভীন আক্তার

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকাল ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ তৃতীয় সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর।
01712-856510, https://chandpurict.blogspot.com

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২৯০

চলতি মাসের
উমরাহ
বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ
মাওলানা আবু জাফর সিদ্দিকী
Standard প্যাকেজ ১,৫৫,০০০
Economy প্যাকেজ ১,৫০,০০০
Economy প্যাকেজ ১,৪৫,০০০
বুকিং হবে ইনশা আল্লাহ
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
01613-119652
01871-634121
01629-804375

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
ঢাকা অফিস: ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস: আলসারী মঞ্জিল, বিপ্লব চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল: ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

হাসিনা প্রশ্নে তৃতীয়

একটি সমাধানে পৌঁছাবে। আর হাসিনার সঙ্গে কী হওয়া উচিত, তা আমরা এখনো নির্দিষ্ট করে জানাইনি।" সেই প্রসঙ্গ ধরে মঙ্গলবারের ব্রিফিংয়ে উপদেষ্টা জাহেদ উর রহমান বলেন, "আমরা তাকে (শেখ হাসিনা) চাইছি এবং ইনডিয়াকেই হস্তান্তর করতে হবে। মানে আমেরিকা যেটা বোঝানোর চেষ্টা করেছে সেটা আসলে একটা বাইল্যাটারাল ইস্যু, এটার মধ্যে কোনো অন্য কোনো দেশের আসলে কোনো ইনভলভমেন্টের প্রয়োজন নাই। আমরাও তাই মনে করি।" আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে শেখ হাসিনার রায়ের প্রসঙ্গ ধরে জাহেদ উর রহমান বলেন, "আমাদের একজন দণ্ডপ্রাপ্ত ভয়ঙ্কর আসামি, ভয়ঙ্কর আসামি, আমিও কথাটা সবসময় বলি। উনি খুন করেননি, উনি যেটা করেছেন এটাকে 'ক্রাইম এগেইনস্ট হিউম্যানিটি' বলে। এটা একটা আলাদা মাত্রার অপরাধ, মানবতাবিরোধী অপরাধ। যেটার বিচার ইন্টারন্যাশনাল কোর্টে করা যায়। "সো, এইরকম একজন আসামি, যিনি সাজাপ্রাপ্ত হয়েছেন, দণ্ডপ্রাপ্ত হয়েছেন, তিনি ইনডিয়াতে আছেন, আমরা অবশ্যই তাকে ফেরত চাই। এটা আমাদের দ্বিপক্ষীয় ব্যাপার এবং আমরা সে আলোচনা চালিয়ে যাচ্ছি, তাদের সাথে কথা বলছি।"

শেখ হাসিনাকে দেশে ফেরানোর বিষয়টি নিয়ে ভারতের সঙ্গে বাংলাদেশ 'আলোচনা চালিয়ে যাচ্ছে' বলে মন্তব্য করেন উপদেষ্টা।

ভারতের হাই কমিশনার দীনেশ ত্রিবেদীর সঙ্গে সৌজন্য সাক্ষাতের প্রসঙ্গ ধরে জাহেদ উর রহমান বলেন, "আমি আগে একদিন বলেছিলাম যে ভারতের হাই কমিশনারের সাথে যখন আমার সৌজন্য বৈঠক হয়েছিল, তখনও আমি তাকে এই কথাটা বলেছি। "উনি যার সাথেই দেখা করছেন, বাংলাদেশের এই অস্বস্তির জায়গাটা ভারতকে জানাচ্ছেন। আমি আশা করি যে তারা এ ব্যাপারে ব্যবস্থা নেবেন।"

হাম ও উপসর্গে মৃত্যু

বিভাগে ৫১৬ জন, রাজশাহীতে ২৯, সিলেটে ২০৬, চট্টগ্রামে ২৭৯, বরিশালে ১০৭, ময়মনসিংহে ৮৬, খুলনায় ৮৯ এবং রংপুরে ২৭ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ১ লাখ ৬৮ হাজার ৬৫৫ জন রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ১ লাখ ৬১ হাজার ৭৯৮ জন চিকিৎসা নিয়ে হাসপাতাল ছেড়েছে।

গত ১৫ মার্চ থেকে দেশে সন্দেহজনক হামের রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৯০ হাজার ৫৫০ জনে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ২১ হাজার ৩৯২ জন।

গ্রামীণ সড়ক সংস্কার,

খানকে জানানো হলে তিনি তাৎক্ষণিকভাবে সংস্কারকাজে সহযোগিতার উদ্যোগ নেন। তাঁর সহযোগিতায় সড়কটিতে ইটের খোয়া ও বালু ফেলে চলাচলের উপযোগী করার কাজ করা হয়।

সংস্কারকাজ শেষ হওয়ায় সড়কটি দিয়ে মানুষের চলাচল অনেকটা স্বাভাবিক হয়েছে। এতে দীর্ঘদিনের দুর্ভোগ থেকে স্বস্তি ফিরেছে স্থানীয় বাসিন্দাদের মধ্যে।

স্থানীয় বাসিন্দা মো. মহসিন খান বলেন, রাস্তাটি দীর্ঘদিন ধরে অবহেলিত অবস্থায় ছিল। বর্ষা মৌসুমে কাদা ও পানির কারণে চলাচল করা খুবই কষ্টকর হয়ে পড়ে। অ্যাডভোকেট শাহজাহান খানের সহযোগিতায় রাস্তাটির সংস্কার হওয়ায় আমরা উপকৃত হয়েছি।

এলাকাবাসীরা জানান, গ্রামীণ যোগাযোগব্যবস্থা উন্নত হলে সাধারণ মানুষের পাশাপাশি শিক্ষার্থী, কৃষক, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপকৃত হবেন। ভবিষ্যতে সড়কটির স্থায়ী উন্নয়ন ও পাকা করার উদ্যোগ নেওয়ারও দাবি জানান তারা।

তারা আরও বলেন, অ্যাডভোকেট শাহজাহান খান ইউনিয়ন পরিষদের দায়িত্ব পেলে এলাকার রাস্তা, শিক্ষা ও জনসাধারণের বিভিন্ন সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা রাখবেন বলে এমন প্রত্যাশা রয়েছে তাদের।

হাইমচর ইয়াবাসহ মাদক

নিয়ন্ত্রণ আইনে একটি মামলা (এফআইআর নং- ৩৬/২৬, তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২৬) রুজু করা হয়েছে।

হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ্ আলম জানান, আসামির বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করার পর সোমবার সকালে যথাযথ পুলিশ প্রহরায় তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। মাদকের বিরুদ্ধে হাইমচর থানা পুলিশের এমন অভিযান অব্যাহত থাকবে।

জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয়

বাস্তবায়নে আমি আমার সর্বোচ্চ চেষ্টা দিয়ে কাজ করে যাব।

এদিকে তাহমিদ হাসানের নতুন দায়িত্ব পাওয়ার খবর ছড়িয়ে পড়ার পর মতলব দক্ষিণের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও শুভাকাঙ্ক্ষীরা তাকে অভিনন্দন জানিয়েছেন।

সোনার দামে পতন, ভরি

প্রতি ভরি (১১.৬৬৪ গ্রাম) স্বর্ণালংকারে নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৮ হাজার ৫৫৬ টাকা। ২১ ক্যারেটের প্রতি ভরি সোনার নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ১৮ হাজার ২৯২ টাকা। ১৮ ক্যারেটের প্রতি ভরি সোনা এখন থেকে বিক্রি হবে এক লাখ ৮৭ হাজার ৪৪০ টাকায় এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার নতুন দাম ১ লাখ ৫৩ হাজার ১৪৮ টাকা।

এদিকে, সোনার দামের সঙ্গে কমানো হয়েছে রুপার দামও। ২২ ক্যারেটের এক ভরি রুপার দাম ৪ হাজার ৩১৬ টাকা নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি রুপা ৪ হাজার ১৪১ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ৩ হাজার ৫৫৮ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি রুপার দাম ২ হাজার ৬৮৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

দেশের সকল বেসরকারি

প্রশাসকের মাধ্যমে শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার সরকারি কর্মচারীদের মধ্য থেকে তিনজনের একটি তালিকা প্রস্তুত করবেন। তবে সিটি করপোরেশন এলাকার অধীনস্থ মাদ্রাসার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের কাছে এই প্রস্তাব পাঠাতে হবে।

নির্দেশনায় আরো বলা হয়, কমিটি পুনর্গঠনের প্রক্রিয়ায় গত ২ আগস্ট ২০২৬ তারিখের নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

পাঠ্যবইয়ের মান যাচাইয়ে ৬ প্রেসে

অফসেট প্রেস, ফাইজা প্রিন্টিং প্রেস, শৈলী প্রিন্টার্স, বর্ণশিখা অফসেট প্রিন্টার্স, সোনালী ওয়েব প্রিন্টার্স এবং ন্যাশনাল প্রিন্টার্স। পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী প্রেসে চলমান পাঠ্যবই মুদ্রণ কাজের বাস্তব পরিস্থিতি সরেজমিনে পর্যবেক্ষণ করেন। তিনি কাগজ ও কালির গুণগত মান, বাঁধাইয়ের সূক্ষ্মতা এবং ছাপাখানার কাজের অগ্রগতির প্রতিটি ধাপ খুঁটিয়ে দেখেন। এ সময় তিনি পাঠ্যবই ছাপার দায়িত্বে থাকা সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেন। পরিদর্শনে শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের হাতে যথাসময়ে মানসম্মত পাঠ্যবই পৌঁছে দিতে ছাপার কাজে নির্ধারিত মান বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, বই ছাপার ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন।

ভারতে ইলিশ রপ্তানি

ও নিম্ন-মধ্যবিত্ত মানুষের জন্য ইলিশ ক্রয় কঠিন হয়ে পড়েছে বলে নোটিশে উল্লেখ করা হয়।

নোটিশে অভিযোগ করা হয়েছে, স্থানীয় বাজারে সংকট ও উচ্চমূল্য থাকা সত্ত্বেও অতীতে তুলনামূলক কম দামে ভারতে ইলিশ রপ্তানি করা হয়েছে। এতে দেশের অভ্যন্তরীণ চাহিদা ও ভোক্তা স্বার্থ উপেক্ষিত হয়েছে বলে দাবি করা হয়।

এতে আরও অভিযোগ করা হয়, বাংলাদেশ থেকে কম দামে ইলিশ আমদানির পর ভারতীয় কিছু আমদানিকারক তা যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপের বিভিন্ন বাজারে বেশি দামে পুনঃরপ্তানি করে বিপুল মুনাফা করছে।

নোটিশদাতার দাবি, এ ধরনের পুনঃরপ্তানি হলে বাংলাদেশ সম্ভাব্য বৈদেশিক মুদ্রা আয় থেকে বঞ্চিত হতে পারে এবং দেশের জাতীয় সম্পদের যথাযথ মূল্য পাওয়া নাও যেতে পারে।

আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন নোটিশে সংবিধানের ২১ (১) অনুচ্ছেদের কথা উল্লেখ করে বলেন, রাষ্ট্রীয় সম্পত্তি রক্ষা করা এবং আইন মেনে চলা প্রত্যেক নাগরিকের দায়িত্ব। সরকার এখনো ভারতে ইলিশ রপ্তানির বিষয়ে কোনো আনুষ্ঠানিক অনুমোদন বা চূড়ান্ত নীতিগত সিদ্ধান্ত না নিলেও ভবিষ্যতে সাধারণ ভোক্তার স্বার্থ বিবেচনায় নেওয়ার জন্যই আগাম এ আইনি নোটিশ দেওয়া হয়েছে বলে এতে উল্লেখ করা হয়।

নোটিশে বলা হয়, বৈদেশিক মুদ্রা অর্জনের প্রয়োজন থাকলে ভারতীয় মধ্যস্বত্বভোগীদের মাধ্যমে না করে যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপের বাজারে প্রকৃত আন্তর্জাতিক মূল্যে সরাসরি ইলিশ রপ্তানির জন্য স্বচ্ছ ও কার্যকর নীতিমালা গ্রহণ করা যেতে পারে।

এতে আগামী সাতদিনের মধ্যে ভারতে ইলিশ রপ্তানির বিষয়ে যে কোনো প্রশাসনিক উদ্যোগ, নির্বাহী অনুমোদন বা নীতিগত সিদ্ধান্ত গ্রহণ থেকে বিরত থাকা, দেশের বাজারে ইলিশের সরবরাহ নিশ্চিত করে দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আনার উদ্যোগ নেওয়া এবং মধ্যস্বত্বভোগীদের এড়িয়ে সরাসরি আন্তর্জাতিক বাজারে ইলিশ রপ্তানির জন্য স্থায়ী নীতিমালা প্রণয়নের অনুরোধ জানানো হয়েছে।

নির্ধারিত সময়ের মধ্যে এসব বিষয়ে কার্যকর পদক্ষেপ না নেওয়া হলে নাগরিকদের খাদ্যনিরাপত্তা ও অর্থনৈতিক স্বার্থ রক্ষায় সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীনে হাইকোর্ট বিভাগে জনস্বার্থে রিট পিটিশন (পিআইএল) দায়ের করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

মতলব পৌরসভার সমন্বয়

উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম সাগর, যুবদলের আহ্বায়ক মজিবুর রহমান সরকার,মতলব দক্ষিণ উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মিরান হোসেন মিয়াজী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব নাসির মিয়াজী, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মিরাজ মাহমুদ জিসান প্রমুখ।

মতলব পৌরসভার প্রশাসক কেএম ইশমাম বলেন, পৌরসভার নাগরিক সেবা, পয়োনিষ্কাশন ব্যবস্থা, ড্রেন, কালভার্ট, রাস্তাঘাট ও সড়ক বাতিসহ সব ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ড আরও ত্বরান্বিত করা হবে। পৌরসভার বিদ্যমান সমস্যাগুলো দ্রুত চিহ্নিত করে তা নিরসনের মাধ্যমে পৌরবাসীর শতভাগ সেবা নিশ্চিত করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

এছাড়া তিনি আরো বলেন, পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের সমস্যা ও নাগরিকদের চাহিদা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্ব দেওয়া হয়। একই সঙ্গে পৌরসভা ও সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি দপ্তরের মধ্যে সমন্বয়ের মাধ্যমে জনসেবার মান আরও উন্নত করার বিষয়ে মতামত তুলে ধরেন উপস্থিত সদস্যরা।



৬ গোলের রোমাঞ্চকর ম্যাচে

সার্কাটি। শুরুতে অফসাইডের বাঁশি বাজলেও ভিএআর পরীক্ষার পর গোলটি বহাল থাকে।

সমতায় ফেরার মাত্র ৫ মিনিটের মধ্যে বক্সের বাইরে থেকে বাঁ-পায়ের এক দর্শনীয় দূরপাল্লার শটে সকারুজদের ২-১ ব্যবধানে লিড এনে দেন মিডফিল্ডার কনর মেটকালফে।

প্রথমার্ধের শেষ মিনিটে বক্সের ভেতরে দানিলো ফাউলের শিকার হলে ভিএআরের সাহায্যে পেনাল্টি পায় ব্রাজিল। স্পট-কিক থেকে ঠাণ্ডা মাথায় গোল করে ম্যাচ ২-২ সমতায় আনেন রাফিনহা।

দ্বিতীয়ার্ধে কার্লো আনচেলত্তির দল আরো বেশি আক্রমণাত্মক ফুটবল খেলতে শুরু করে। ৬৯ মিনিটে বদলি খেলোয়াড় এন্ড্রিকের বাড়ানো পাস থেকে দারুণ এক মাইনাসে বল পেয়ে জালে জড়াতে ভুল করেননি ব্রাজিলিয়ান অধিনায়ক ব্রুনো গিমারায়েস। তাতে আবার ৩-২ ব্যবধানে লিড পুনরুদ্ধার করে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

৮০ মিনিটে ভিনিসিয়াস জুনিয়রকে বক্সের ভেতর ফাউল করা হলে ম্যাচ রেফারি ব্রাজিলের পক্ষে দ্বিতীয় পেনাল্টির সিদ্ধান্ত দেন। নিজের আদায় করা পেনাল্টি থেকে গোল করেন তিনি। এতে ৪-২ গোলে জয় নিশ্চিত করে আনচেলত্তির শিষ্যরা।

নবাগত ইউএনওকে গৃদকালিন্দিয়া

জানিয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

এ সময় উপস্থিত ছিলেন গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের আইসিটি বিভাগের সহকারী অধ্যাপক পরেশ চন্দ্র দাস এবং ফরিদগঞ্জ উপজেলা একাডেমিক সুপারভাইজার আবদুল্লাহ আল মামুন। সাক্ষাৎকালে কলেজের শিক্ষক পরিষদের পক্ষ থেকে নবাগত ইউএনওর প্রশাসনিক সাফল্য ও ভবিষ্যৎ শুভকামনা ব্যক্ত করা হয়।

জাতীয় পর্যায়ে

করেন। জাতীয় পর্যায়ে দেশের ৮টি বিভাগ হতে মোট ২৪জন শিক্ষকের প্রতিযোগিতার মধ্য থেকে নির্ধারিত মানদণ্ডে যাচাই-বাছাই ও মূল্যায়নের পর তাঁকে এই স্বীকৃতি দেওয়া হয়।

হোসনে আরা নিরু শিক্ষকতার পাশাপাশি শিক্ষার্থীদের নৈতিকতা, শৃঙ্খলা, সৃজনশীলতা ও মানবিক মূল্যবোধ বিকাশে ভূমিকা রেখে আসছেন।

তাঁর জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জনের খবরে ইতোমধ্যে বিভিন্ন মহল থেকে অভিনন্দন জানানো হয়েছে।

হোসনে আরা নিরুর এই সাফল্য চাঁদপুরের শিক্ষাঙ্গনে নতুন অনুপ্রেরণা সৃষ্টি করেছে। তাঁর এই অর্জনে গর্বিত স্থানীয় শিক্ষা-সংশ্লিষ্টরা। তাঁর এই সাফল্যের জন্য তিনি স্থানীয় এমপি, মন্ত্রী, শিক্ষক, অভিভাবক, শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি ও পিটিএ সহ সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

চাঁদপুর ড্রামা'র নতুন

সম্পাদক রাজীব দাস, অর্থ সম্পাদক প্রশান্ত কুমার সেন, দপ্তর সম্পাদক খায়রুজ্জামান পিপল, প্রচার সম্পাদক ইমতিয়াজ উদ্দিন মাসুদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আকবর হোসেন, মহিলা সম্পাদিকা জ্যোৎস্না বেগম, সহ মহিলা সম্পাদিকা রাত্রী কর্মকার, নির্বাহী সদস্য - এস,এম জয়নাল আবেদীন, তপন সরকার, মজিবুর রহমান দুলাল, আব্দুল্লা আল ফারুক, জয়নাল আবেদীন জনু, নজরুল ইসলাম রনি, পরিমল দাস নূপুর ও কে,এম মাসুদ।

আজ ৩০ সেপ্টেম্বর চাঁদপুর ড্রামা'র ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকীতে চাঁদপুর রাজবাড়ী কমিউনিটি সেন্টারে নব-নির্বাচিত কমিটির পরিচিতি সভা এবং চাঁদপুর ড্রামার প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হবে।

দুর্গাপূজায় এক দিনের ছুটি

নির্বাহী আদেশে ছুটি থাকবে। ২১ অক্টোবর বুধবার বিজয়া দশমীতে থাকবে সাধারণ ছুটি। পরদিন ২২ অক্টোবর বৃহস্পতিবার অফিস-আদালত খোলা থাকার কথা ছিল। কিন্তু আজ মঙ্গলবার প্রধানমন্ত্রী ওই দিনও (২২ অক্টোবর) নির্বাহী আদেশে ছুটি ঘোষণার সিদ্ধান্ত দিয়েছেন বলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওই সূত্র জানিয়েছে। এরপর ২৩ ও ২৪ অক্টোবর শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। ফলে ২০ থেকে ২৪ অক্টোবর পর্যন্ত টানা পাঁচ দিন ছুটি ভোগ করবেন সরকারি চাকরিজীবীরা।

সরকারি ছুটির দিনে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও সাধারণত বন্ধ থাকে। তবে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট শাখা বা বিশেষ সেবা চালু থাকতে পারে। এটিএম, কার্ড ও অনলাইন ব্যাংকিংয়ের মতো ডিজিটাল সেবাও সাধারণত চালু থাকে।

তবে হাসপাতাল, পুলিশ, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের মতো জরুরি সেবায় নিয়োজিত কর্মীদের ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে। গণমাধ্যমসহ প্রয়োজনীয় কিছু প্রতিষ্ঠানেও কর্মীদের দায়িত্বে থাকতে হতে পারে।

দুর্গাপূজা ঘিরে টানা পাঁচ দিন ছুটি থাকায় হিন্দুধর্মাবলম্বীদের এ উৎসব উদ্যাপনের সুযোগ বাড়ছে। আর অনুদানের ক্ষেত্রেও চাহিদার চেয়ে বেশি বরাদ্দ দিয়েছে সরকার। প্রধানমন্ত্রীর এ আন্তরিক প্রয়াসকে একটি ভিন্ন দৃষ্টান্ত বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ও নৃগোষ্ঠীবিষয়ক বিশেষ সহকারী বিজন কান্তি সরকার। তিনি প্রথম আলোকে বলেন, 'প্রধানমন্ত্রী এক দিন ছুটি বাড়িয়েছেন, কিন্তু আমরা ছুটি পাচ্ছি পাঁচ দিন। এতে উৎসবটা পরিপূর্ণ ও স্বস্তিদায়ক হবে। আর প্রস্তাবের বেশি অনুদান দেওয়ায় হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান–সব সম্প্রদায়ের ব্যাপারে প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টিভঙ্গি প্রকাশ পেয়েছে। এটা খুবই ইতিবাচক।'

ভারতে বসে হাসিনার লন্ডনে

তো আর... অসুবিধা নাই।

যেখানে জানানোর দরকার আমরা জানাবো। কিন্তু একটা পালিয়ে যাওয়া স্বৈরাচার কোথায় বসে, মানে আপনার ভারতে বসে লন্ডনে ভার্চুয়ালি কথা বলবে, মানে এগুলো ওয়ার্থলেস অ্যাক্টিভিটিজ (অর্থহীন কাজ)। তিনি বলেন, তার (শেখ হাসিনার) এখন কিছুই নাই। এখন তো তিনি কিংকর্তব্যবিমূঢ়, সব ধ্বংস হয়ে গেছে। নিজেকেও শেষ করে দিছে, দলকেও শেষ করে দিছে, পরিবারকেও শেষ করে দিছে। বাংলাদেশের আর আসবার কোনো চান্সই নাই। যাদেরকে তাড়িয়ে দেয়, এদের কিন্তু ফেরার চান্স খুব কম থাকে। মানে জিরো। মানে পালিয়ে গেছে, বিতাড়িত হয়ে গেছে। শেষ, রাজনীতি শেষ। বিতাড়িত হইলে মানুষ ধরে রাখছে যে এদের আর কিছু নাই। এখানেই তাদের ইতি।

মতলব উত্তরে ডাক্তার

টিউমার, টনসিল, সন্তান না হওয়া, জন্ডিস, গ্যাস্ট্রিক, আলসার, গেজ, ফিস্টুলা, সাদা স্রাব, বাত, যৌন ও চর্মরোগ, স্তন টিউমার, পলিপাস, নরমাল ডেলিভারি, কোমর, হাঁটু ও মেরুদণ্ডের ব্যথাসহ বিভিন্ন রোগের চিকিৎসার কথা উল্লেখ রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

এদিকে, স্থানীয়দের অভিযোগ, বিষয়টি নিয়ে সাংবাদিকরা তথ্য সংগ্রহ করতে গেলে তাদের বিভিন্নভাবে প্রভাবিত বা বিষয়টি 'ম্যানেজ' করার চেষ্টা করা হয়েছে। তবে এ অভিযোগের বিষয়ে মোঃ আবু বকর ছিদ্দিকের বক্তব্য পৃথকভাবে পাওয়া প্রয়োজন।

গত ৯ সেপ্টেম্বর রাবিয়া (৫৫) নামে এক নারী চিকিৎসা নিতে আবু বকর ছিদ্দিকের কাছে গেলে তাকে এলোপ্যাথিক চিকিৎসার পাশাপাশি ইউনানী ওষুধ দেওয়া হয় এবং হোমিওপ্যাথিক ওষুধও সেবন করানো হয় বলে জানা গেছে।

স্থানীয় বাসিন্দা সোহেল মিয়া বলেন, "আমরা জানি আবু বকর ছিদ্দিক হোমিওপ্যাথিক চিকিৎসা করেন। কিন্তু তিনি প্রেসক্রিপশনে এলোপ্যাথিক ও ইউনানী চিকিৎসাও দেন। এ নিয়ে রোগীদের সঙ্গে প্রায়ই ঝামেলা হয়। বিষয়টি বন্ধ হওয়া দরকার।"

এ বিষয়ে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাজন কুমার দাস বলেন, "এমবিবিএস ডিগ্রি ছাড়া কেউ 'ডাক্তার' লিখতে পারেন না। আবু বকর ছিদ্দিক ডাক্তার পরিচয়ে প্রেসক্রিপশন করতে পারেন না। তাঁর বিরুদ্ধে অভিযোগ পেয়েছি। তাকে কাগজপত্র নিয়ে আসার জন্য ডাকা হবে। এরপর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

তবে মোঃ আবু বকর ছিদ্দিকের দাবি, তিনি চাঁদপুর হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ থেকে ডিএইচএমএস ডিগ্রি অর্জন করেছেন। এছাড়া ডিএমপি, আরএমপি এবং ইউনানী-আয়ুর্বেদিক চিকিৎসা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত বলেও দাবি করেন তিনি।

তবে তার দাবি করা এসব ডিগ্রি ও প্রশিক্ষণের সনদ, নিবন্ধন এবং সংশ্লিষ্ট চিকিৎসা দেওয়ার আইনগত অনুমোদন রয়েছে কি না, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যাচাইয়ের বিষয়।

স্থানীয় রোগী ও সচেতন মহল বলছেন, চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির শিক্ষাগত যোগ্যতা, পেশাগত নিবন্ধন ও অনুমোদন যাচাই করা জরুরি। অভিযোগের বিষয়ে দ্রুত তদন্ত করে সত্যতা পাওয়া গেলে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা।

নাসিরকোর্ট উবির অসুস্থ

না, বরং এটি শিক্ষার মূল চেতনা ও গুণগত মান বৃদ্ধির পথ প্রসারিত করে।

হৃদরোগ হাসপাতালে আবেগঘন সাক্ষাৎ এবারের অনুষ্ঠানের প্রধান কেন্দ্রবিন্দু ছিলেন নাসিরকোট উচ্চ বিদ্যালয়ের প্রাণপ্রিয় শিক্ষক শ্রদ্ধেয় মোঃ গোলাম হককানী। তিনি সম্প্রতি হৃদরোগে আক্রান্ত হয়ে ঢাকার আগারগাঁওয়ের জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

গত ১৮ সেপ্টেম্বর (শুক্রবার) দেশের বিভিন্ন প্রান্ত ও বিদেশ থেকে আসা ১৯৯৭ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীরা হাসপাতালে গিয়ে প্রিয় শিক্ষকের শারীরিক অবস্থার খোঁজখবর নেন। তাঁরা শিক্ষকের সঙ্গে পুরনো স্মৃতিচারণ করেন, দ্রুত আরোগ্যের জন্য দোয়া ও মোনাজাত পরিচালনা করেন এবং সম্মান ও ভালোবাসার চিহ্ন হিসেবে কিছু উপহারসামগ্রী তুলে দেন।

এ সময় শিক্ষার্থীদের সাথে বিদ্যালয়ের অ্যালুমনি অ্যাসোসিয়েশনের (ওশান) প্রতিনিধি শফিউল্লাহ মিয়াজী উপস্থিত ছিলেন। সাক্ষাৎ শেষে তিনি এলাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার সার্বিক মান উন্নয়ন ও অগ্রগতি নিয়ে প্রাক্তন শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন।

মিলনমেলা ও সহশিক্ষামূলক কার্যক্রমে দিনব্যাপী কর্মসূচির প্রথম পর্বে গ্রাম, ঢাকা ও প্রবাস থেকে আসা সহপাঠীরা এক জায়গায় মিলিত হয়ে পারস্পরিক কুশল বিনিময় ও খোঁজখবর নেন। কঠিন যান্ত্রিক বাস্তবতার মাঝে কিছুটা সময় বের করে সামাজিক ও মানবিক কাজে নিজেদের যুক্ত করতে পেরে সবাই আবেগাপ্লুত হয়ে পড়েন।

হাসপাতাল পরিদর্শনের পাশাপাশি শিক্ষার্থীদের জন্য আরও নানা ধরনের আয়োজন ছিল। তাঁরা ঢাকার নভোথিয়েটার ও সামরিক জাদুঘর পরিদর্শন করেন। পরবর্তীতে নিজেদের মধ্যে আলোচনা সভা, শুভেচ্ছা উপহার বিতরণ, ফটোসেশন এবং সকাল, দুপুর ও রাতের সুস্বাদু খাবারের আয়োজনের মধ্য দিয়ে দিনটি উদ্যাপন করেন।

সরকার গণমাধ্যম নিয়ন্ত্রণ

দিকনির্দেশনা চেয়েছি। আমরা সেগুলো নিয়ে কাজ করবো। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকার গণমাধ্যমের স্বাধীনতায় বিশ্বাস করে। সেই স্বাধীনতা অব্যাহত রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। তথ্য প্রতিমন্ত্রী বলেন, 'একই সঙ্গে মিসইনফরমেশন ও ডিসইনফরমেশন, অর্থাৎ ভুল, অসত্য ও অপতথ্যের বিস্তার নিয়ন্ত্রণ করা প্রয়োজন। এ বিষয়ে সরকার বিভিন্ন পর্যায়ে পরামর্শ করছে। সাংবাদিক নেতা ও গণমাধ্যম সংশ্লিষ্টদের সঙ্গেও একাধিক দফা আলোচনা হয়েছে।'

তিনি বলেন, 'আমাদের চূড়ান্ত লক্ষ্য হচ্ছে মিসইনফরমেশন ও ডিসইনফরমেশনের বিস্তার বন্ধ করা। তবে সেটা কোন পর্যায়ে এবং কীভাবে করা হবে, তা নিয়ে আমরা বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কথা বলছি। প্রস্তাবিত আইনের আওতায় গণমাধ্যম বা সাংবাদিকরা পড়বেন কিনা এমন উদ্বেগের বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, বিষয়টি সরকার আমলে নিয়েছে। আইন প্রণয়নের সময় গণমাধ্যমের স্বাধীনতার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।

তিনি বলেন, 'গণমাধ্যমকে আমরা নিয়ন্ত্রণ করতে চাই না। প্রধানমন্ত্রীও নিয়ন্ত্রণ করতে চান না, তার সরকারও করবে না, এ কথা আমরা বহুবার বলেছি।'

সাংবাদিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে আদালতের অনুমতি নেওয়ার প্রস্তাবের প্রসঙ্গ তুলে ইয়াসের খান চৌধুরী বলেন, 'একটি প্রস্তাব এসেছে, নিবন্ধিত ইলেকট্রনিক, প্রিন্ট বা অনলাইন গণমাধ্যমের সাংবাদিকদের যদি আইনের আওতায় আনতে হয়, তাহলে আদালতের অনুমতি সাপেক্ষে আনা হবে। আমরা এই প্রস্তাবটি বিবেচনা করছি।'

তিনি আরও বলেন, 'আমি ব্যক্তিগতভাবে মনে করি, এ ধরনের একটি অপশন থাকা উচিত, যাতে গণমাধ্যমের সাংবাদিকরা অবাধভাবে কাজ করতে পারেন।'

তবে সাংবাদিক পরিচয়ের অপব্যবহারের বিষয়েও সতর্ক করেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, 'মূলধারার গণমাধ্যমে কাজ করেন না, এমন কিছু ব্যক্তি সাংবাদিক পরিচয়ে অপপ্রচার, ভুয়া ও অসত্য তথ্য ছড়িয়ে থাকেন। এ বিষয়েও সরকারকে কঠোরভাবে নজর দিতে হবে।'

কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের অপব্যবহারের প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'ভুয়া তথ্যের কারণে মানুষের সম্মানহানি হচ্ছে, আবার কেউ কেউ মানসিকভাবে চরম বিপর্যয়ের মুখে পড়ছেন। কোনও ঘটনার সঙ্গে সম্পৃক্ত না থাকা সত্ত্বেও এআইয়ের অপব্যবহার করে মানুষকে বিভিন্ন ঘটনার সঙ্গে জড়িয়ে দেওয়া হচ্ছে। এসব ঠেকাতে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।'

'সাংবাদিক কে, তার সংজ্ঞা প্রয়োজন'

অনিবন্ধিত অনলাইন সংবাদমাধ্যমের বিষয়ে এক প্রশ্নের জবাবে তথ্য প্রতিমন্ত্রী বলেন, ওয়েবসাইটভিত্তিক নিউজ পোর্টাল এবং সামাজিক যোগাযোগমাধ্যমে পেজ খুলে সংবাদমাধ্যম হিসেবে পরিচালনার মধ্যে পার্থক্য রয়েছে। বিষয়টি আন্তমন্ত্রণালয় বৈঠকেও আলোচনা হচ্ছে। তিনি বলেন, 'এ নিয়ে ডিআরইউসহ বিভিন্ন সাংবাদিক সংগঠন, সংবাদপত্রের সম্পাদক এবং সাংবাদিক নেতাদের সঙ্গে পরামর্শ করা হবে।সাংবাদিক কল্যাণ ট্রাস্টের সুযোগ-সুবিধার ক্ষেত্রেও প্রকৃত সাংবাদিক চিহ্নিত করার জন্য একটি মাপকাঠি প্রয়োজন বলে মনে করেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, 'যিনি সাংবাদিক নন কিন্তু সাংবাদিক হিসেবে পরিচয় দিচ্ছেন, আজ একটি পেজ খুলছেন, কাল সেটি বন্ধ করে আবার অন্য নামে পেজ খুলছেনড় তারপরও সাংবাদিক পরিচয় দিচ্ছেন। এখানে একটি মাপকাঠি থাকা উচিত। এ বিষয়ে সাংবাদিক সংগঠনগুলোর কাছেই প্রস্তাব চেয়েছেন উল্লেখ করে ইয়াসের খান চৌধুরী বলেন, 'কাদের আপনারা সাংবাদিক বলতে চান, সেই সংজ্ঞাটি আপনারাই তৈরি করে দিন। আমরা সম্পাদক ও সাংবাদিক নেতাদের সঙ্গেও পরামর্শ করবো। "হু ইজ আ জার্নালিস্ট"। এই সংজ্ঞাটি আলোচনার মাধ্যমেই নির্ধারণ করা প্রয়োজন।

টেলিভিশন সাংবাদিকদের জন্য ন্যূনতম বেতন কাঠামোর পক্ষে প্রতিমন্ত্রী

টেলিভিশনসহ বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের বেতন কাঠামো, নিয়মিত বেতন ও ইনক্রিমেন্ট এবং ওয়েজ বোর্ড বাস্তবায়ন নিয়ে প্রশ্নের জবাবে তথ্য প্রতিমন্ত্রী বলেন, টেলিভিশন সাংবাদিকদেরও একটি কাঠামোর মধ্যে আনা প্রয়োজন। তিনি বলেন, 'টেলিভিশনে যারা সাংবাদিক হিসেবে কাজ করছেন, তাদের একটি কাঠামোর মধ্যে আনা উচিত। একটি ন্যূনতম বেতন বা বেজ থাকা উচিত। এতে টেলিভিশনের মানও উন্নত হবে, সাংবাদিকরা প্রশিক্ষণের সুযোগ পাবেন এবং পেশাগত মান বাড়বে।'

এ বিষয়ে সরকার কাজ করছে জানিয়ে তিনি বলেন, 'যত দ্রুত সম্ভব একটি সিদ্ধান্তে পৌঁছানোর চেষ্টা চলছে।'

ওয়েজ বোর্ড বাস্তবায়নের সঙ্গে শ্রম মন্ত্রণালয়সহ একাধিক মন্ত্রণালয় জড়িত উল্লেখ করে ইয়াসের খান চৌধুরী বলেন, 'এ বিষয়ে বিভিন্ন সময়ে সাংবাদিক নেতাদের সঙ্গে আলোচনা হয়েছে এবং আলোচনা অব্যাহত আছে। যত দ্রুত সম্ভব এটি করার দিকে আমরা নজর দিচ্ছি। সরকার এ বিষয়ে আন্তরিক।'

তিনি আরও বলেন, 'শ্রম মন্ত্রণালয় যেহেতু এর বাস্তবায়নের সঙ্গে সরাসরি জড়িত, আমি ব্যক্তিগতভাবে এবং প্রয়োজনে আনুষ্ঠানিকভাবেও সংশ্লিষ্টদের সঙ্গে এ বিষয়ে কথা বলবো।

কচুয়া স্বাস্থ্য কমপ্লেক্সে

খিচুনির মতো উপসর্গ প্রকাশ পায়। পরিস্থিতির ভয়াবহতা বিবেচনা করে চিকিৎসক দ্রুত অ্যান্টিভেনম প্রয়োগের সিদ্ধান্ত নেন। দুপুর ২টা ২০ মিনিটের দিকে জরুরি বিভাগেই অ্যান্টি-স্নেক ভেনম দেওয়া শুরু হয়। চিকিৎসা চলাকালে শিশুটিকে মোট ১০ ভায়াল অ্যান্টিভেনম দেওয়া হয়। চিকিৎসক, নার্স ও উপ-সহকারী মেডিকেল কর্মকর্তাদের সমন্বিত দল অত্যন্ত নিবিড়ভাবে রোগীর শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করেন। প্রাথমিক চিকিৎসার পর শিশুটির অবস্থার কিছুটা উন্নতি হলে, পরবর্তী ঝুঁকি এড়াতে উন্নত চিকিৎসা ও নিবিড় পর্যবেক্ষণের জন্য তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর (রেফার) করা হয়।

হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, ৫০ শয্যার কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এখন নিয়মিতভাবেই সাপে-কাটা রোগীদের জরুরি বিভাগে অ্যান্টিভেনম দেওয়া হচ্ছে। সঠিক সময়ে হাসপাতালে আনায় এবং বিষক্রিয়ার লক্ষণ দ্রুত শনাক্ত করতে পারায় তাৎক্ষণিক চিকিৎসা দেওয়া সম্ভব হয়েছে।

এবিষয়ে কচুয়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. সোহেল রানা বলেন, জরুরি পরিস্থিতিতে দ্রুত ও যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সমন্বিতভাবে কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাপে কাটার পর সময় নষ্ট না করে দ্রুত রোগীকে সরকারি হাসপাতালে আনা উচিত। স্থানীয়ভাবে ঝাড়ফুঁক বা অন্য কোনো কুসংস্কারে সময়ক্ষেপণ না করে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হলে প্রাণহানির ঝুঁকি অনেকাংশেই কমানো সম্ভব।

তিনি আরও বলেন, উপজেলা পর্যায়ে আধুনিক চিকিৎসা সেবার পরিধি বাড়ার পাশাপাশি জরুরি বিভাগে সাপে-কাটা রোগীর অ্যান্টিভেনম প্রয়োগের এই ঘটনা স্থানীয় গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবায় একটি বড় অগ্রগতি ও ইতিবাচক বার্তা।

শেখ হাসিনার সাবেক সামরিক উপদেষ্টা তারিক সিদ্দিককে দুদকে তলব

নিজস্ব প্রতিবেদক

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল প্রকল্প থেকে '২৫০ কোটি টাকা আত্মসাতের' অভিযোগে করা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক সামরিক উপদেষ্টা অবসরপ্রাপ্ত মেজর জেনারেল তারিক আহমেদ সিদ্দিককে তলব করেছে দুর্নীতি দমন কমিশন-দুদক। আগামী ৭ অক্টোবর সকাল ১০টায় দুদকের প্রধান কার্যালয়ে তাকে উপস্থিত হতে বলা হয়েছে। মঙ্গলবার মামলার তদন্ত কর্মকর্তা দুদকের সহকারী পরিচালক মাহমুদুল হাসান শুভ্র তলবের নোটিস পাঠিয়েছেন বলে সংস্থার একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান। দুদকের এই কর্মকর্তা বলেন, "তারিক সিদ্দিককে তার ঠিকানায় পাওয়া যায়নি। তার অধীনস্থ কাউকেও সেখানে পাওয়া যায়নি। পরে একজন নিরাপত্তাকর্মীর উপস্থিতিতে মঙ্গলবার দুপুর ১টা ৪০ মিনিটে নোটিসটি সেখানে লটকিয়ে জারি করা হয়।" দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯ ধারা এবং ফৌজদারি কার্যবিধির ১৬০ ধারায় তার বক্তব্য 'শ্রবণ ও গ্রহণের' জন্য এ নোটিস দেওয়া হয়েছে। তারিক সিদ্দিককে দুদকের সমন্বিত জেলা কার্যালয় ঢাকা-১-এর ৮৩ নম্বর মামলায় বক্তব্য নেওয়ার জন্য ডেকেছে দুদক। মামলাটি হয়েছে ২০২৫ সালের ২৭ জানুয়ারি। নোটিসে মামলার সংক্ষিপ্ত বিবরণে বলা হয়েছে, তারিক আহমেদ সিদ্দিকসহ অন্য আসামিরা পরস্পর যোগসাজশে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল সম্প্রসারণ প্রকল্প থেকে '২৫০ কোটি টাকা আত্মসাৎ করেছেন' বলে অভিযোগ রয়েছে।

দুদক বলছে, মামলাটির সুষ্ঠু তদন্তের স্বার্থে এ অভিযোগে তারিক সিদ্দিকের বক্তব্য নেওয়া প্রয়োজন।

তদন্ত শেষে সাক্ষ্য-স্মারক দাখিলের জন্য সহকারী পরিচালক মাহমুদুল হাসান শুভ্রকে মামলাটির তদন্ত কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে। ২০২৫ সালের ২৭ জানুয়ারি দেশের তিন বিমানবন্দরের বিভিন্ন উন্নয়ন প্রকল্প থেকে মোট ৮১২ কোটি টাকা আত্মসাতের অভিযোগে তারিক সিদ্দিকসহ ১৯ জনের বিরুদ্ধে আলাদা চারটি মামলা করেছিল দুদক। এর মধ্যে তৃতীয় টার্মিনালের '২৫০ কোটি টাকা আত্মসাতের' অভিযোগের মামলাটি একটি। তৃতীয় টার্মিনালের মামলায় মোট ১০ জনকে আসামি করা হয়। তারিক সিদ্দিক ছাড়াও আসামিদের মধ্যে রয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সাবেক জ্যেষ্ঠ সচিব মুহিবুল হক, সাবেক যুগ্ম সচিব জনেন্দ্রনাথ সরকার, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান এম মফিদুর রহমান, সাবেক প্রধান প্রকৌশলী আব্দুল মালেক ও সুপারিনটেনডেন্ট হাবিবুর রহমান। এছাড়া অ্যারোনেস ইন্টারন্যাশনালের মালিক লুৎফুল্লাহ মাজেদ, এমডি মাহবুব আনাম, প্রকল্প পরিচালক এ কে এম মাকসুদুল ইসলাম ও সাবেক প্রধান প্রকৌশলী সুধেন্দু বিকাশ গোস্বামীকে আসামি করা হয়।